



জাগরণ

THE FIRST DAILY OF TRIPURA গৌরবের ৭১ তম বছর

Founder : J.C.Paul ■ Former Editor : Paritosh Biswas



JAGARAN ■ 71 Years ■ Issue-30 ■ 6 November, 2024 ■ আগরতলা ৬ নভেম্বর, ২০২৪ ইং ■ ২০ কার্তিক, ১৪৩১ বঙ্গাব্দ, বুধবার ■ RNI Regn. No. RN 731/57 ■ মূল্য ৩.৫০ টাকা ■ আট পাতা

পঞ্চদশ অর্থ কমিশন ত্রিপুরাকে দিল ৭৮.৫০ কোটি টাকা

নয়াগাঁও, ৫ নভেম্বর। কেন্দ্রীয় সরকার ২০২৪-২৫ অর্থবর্ষে ত্রিপুরার গ্রামীণ স্থানীয় সংস্থাগুলির জন্য পঞ্চদশ অর্থ কমিশনের অনুদান মঞ্জুরি হিসেবে অবাধ অনুদানের প্রথম কিস্তির ৩১.৪০ কোটি টাকা এবং বিন্যস্ত অনুদানের প্রথম কিস্তির ৪৭.১০ কোটি টাকা মোট ৭৮.৫০ কোটি টাকা প্রদান করেছে। এই বরাদ্দ পরম্পরাগত স্থানীয় সংস্থাগুলির যেমন, টিটিএডিসি (ত্রিপুরা উপজাতি এলাকা স্বায়ত্বশাসিত জেলা পরিষদ) এর সরবরস্ত; ৪০টি ব্লক উপদেষ্টা কমিটি; এবং ৫৮৭টি ভিলেজ কমিটি সহ সর্বমোট ১২৬০টি গ্রামীণ স্থানীয় সংস্থার জন্য বয় করা হবে। একই সময়ে কেন্দ্রীয় সরকার ২০২৪-২৫ অর্থবর্ষে হরিয়ারানার গ্রামীণ স্থানীয় সংস্থাগুলির জন্য পঞ্চদশ অর্থ কমিশনের অনুদান প্রদান করেছে। গ্রামীণ স্থানীয় সংস্থাগুলির জন্য প্রদেয় প্রথম কিস্তির এই অর্থের পরিমাণ হল ১৯৪.৮৬৭ কোটি টাকা। এই বরাদ্দকৃত অর্থ যারা বাধ্যতামূলক শর্তগুলি পূরণ করেছে, সেরকম ১৮ টি যোগ্য জেলা পঞ্চায়েত, ১৩৯ টি যোগ্য ব্লক পঞ্চায়েত এবং ৫৯১১ টি যোগ্য গ্রাম পঞ্চায়েতের জন্য বরাদ্দ করা হয়েছে।

এছাড়া, ২০২৪-২৫ অর্থবর্ষে মিজোরামের গ্রামীণ স্থানীয় সংস্থাগুলির জন্য পঞ্চদশ অর্থ কমিশনের অনুদান, ২০২২-২৩ অর্থবর্ষের দ্বিতীয় কিস্তির ১৪.২০ কোটি টাকার অবাধ অনুদান এবং ২০২২-২৩ অর্থবর্ষের বিন্যস্ত অনুদানের দ্বিতীয় কিস্তির ২১.৩০ কোটি টাকা মঞ্জুর করেছে কেন্দ্রীয় সরকার। এই অর্থ স্বশাসিত জেলা পরিষদ এলাকা সহ সমস্ত ৮৩৪টি গ্রাম পরিষদের জন্য বয় করা হবে।

পঞ্চায়েত রাজ মন্ত্রক এবং জলশক্তি মন্ত্রকের (পানীয় জল ও স্যানিটেশন বিভাগ) মাধ্যমে ভারত সরকার গ্রামীণ স্থানীয় সংস্থাগুলির জন্য রাজ্যগুলিকে পঞ্চদশ অর্থ কমিশনের এই অনুদান প্রদানের জন্য সুপারিশ

করেছে, যা পরে অর্থ মন্ত্রক কর্তৃক প্রদান করা হয়েছে। বরাদ্দকৃত অনুদান একটি আর্থিক বছরে ২টি কিস্তিতে প্রদানের জন্য সুপারিশ করা হয় এবং সেইমত প্রদান করা হয়ে থাকে।

বেতন ও অন্যান্য প্রাতিষ্ঠানিক ব্যয় বাতীত সংবিধানের একাদশ তফসিলে বর্ণিত উনত্রিশটি (২৯) বিষয়ের অধীনে গ্রামীণ স্থানীয় সংস্থাগুলি এলাকার স্থানীয় প্রয়োজনের জন্য এই অবাধ অনুদান ব্যবহার করবে। বিন্যস্ত অনুদানের অর্থ (ক) স্যানিটেশন এবং ওডিএফ এর বারাবাহিকতা রক্ষণাবেক্ষণের প্রাথমিক পরিষেবাগুলির জন্য ব্যবহার করা যেতে পারে এবং এর মধ্যে গৃহস্থালীর বর্জ্য পরিচালনা ও চিকিৎসা এবং বিশেষত মানব মলমূত্র এবং মল কাণ্ড ব্যবস্থাপনা এবং (খ) পানীয় জল সরবরাহ, বৃষ্টির জল সংগ্রহ এবং জল পুনর্ব্যবহার- এর জন্য ব্যবহার করা যেতে পারে।

ভারত সরকার পঞ্চদশ অর্থ কমিশনের অনুদানের মাধ্যমে পঞ্চায়েত রাজ প্রতিষ্ঠান (পিআরআই) / গ্রামীণ স্থানীয় সংস্থাগুলিকে (আরএলবি) ক্ষমতায়নের মাধ্যমে গ্রামীণ স্থানীয় স্বশাসনকে শক্তিশালী করেছে। এই তহবিল পিআরআই / আরএলবিগুলিকে গ্রামীণ অঞ্চলে স্থায়ী উন্নয়নের জন্য আরও সক্ষম, গ্রহণযোগ্য এবং স্বাবলম্বী করে তুলতে সহায়তা করেছে। মাননীয় প্রধানমন্ত্রীর সত্বকা সাথ, সবকা বিকাশ, সবকা বিশ্বাস, সবকা প্রয়াস' এর দৃষ্টিভঙ্গির সাথে সামঞ্জস্য রেখে এই উদ্যোগটি অন্তর্ভুক্তিমূলক বৃদ্ধি এবং অংশগ্রহণমূলক গণতন্ত্রকে সমর্থন করেছে, যা পঞ্চায়েত রাজ প্রতিষ্ঠান / গ্রামীণ স্থানীয় সংস্থাগুলিকে (আরএলবি) দেশের উন্নয়ন কার্যক্রমের গুরুত্বপূর্ণ স্তর হিসাবে শক্তিশালী করার পাশাপাশি উন্নত ভারত — বিকশিত ভারত নির্মাণের জন্য প্রয়োজনীয়।

গুণগত শিক্ষাই সরকারের অগ্রাধিকার : মুখ্যমন্ত্রী

পর্যালোচনা বৈঠক

নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ৫ নভেম্বর। মুখ্যমন্ত্রী ফরেন্সিস (জা.) মানিক সাহা সরকারপতিত্ব আজ সচিবালয়ে ত্রিপুরা স্কুল কোয়ালিটি অ্যাসেসমেন্ট ফ্রেমওয়ার্ক (ইউইসি) খসড়ার পর্যালোচনার জন্য এক বৈঠক অনুষ্ঠিত হয়। বৈঠকে শিক্ষা দপ্তরের বিশেষ সচিব রাতুল হেমেন্দ্র কুমার, মাধ্যমিক ও প্রাথমিক শিক্ষা দপ্তরের অধিকর্তা এন সি শর্মা, এসসিআইআরটি'র অধিকর্তা এল ডার্স, সমগ্র শিক্ষা প্রকল্প এবং এসসিআইআরটি'র অন্যান্য কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন। বৈঠকে ত্রিপুরা স্কুল কোয়ালিটি অ্যাসেসমেন্ট ও অ্যাক্রিডিটেশন ফ্রেমওয়ার্ক খসড়ার মূল বিষয়বস্তু সম্বন্ধে বিস্তারিত আলোচনা হয়। বৈঠকে মুখ্যমন্ত্রী বলেন, রাজ্য সরকার সর্বদা গুণগত শিক্ষাকে



অগ্রাধিকার দিয়ে আসছে। তাই উন্নত শিক্ষা পরিকাঠামো গড়ে তোলার পাশাপাশি ক্রমাগত পর্যালোচনার মাধ্যমে শিক্ষার সার্বিক স্তর মূল্যায়ন ও উন্নত দিতে বিস্তারিত আলোচনা হয়। বৈঠকে মুখ্যমন্ত্রী বলেন, রাজ্য সরকার সর্বদা গুণগত শিক্ষাকে কার্যকরী উদ্যোগ নেওয়ার কথাও মুখ্যমন্ত্রী উল্লেখ করেন। বৈঠকে মুখ্যমন্ত্রী ফলাই এবং দক্ষিণ ত্রিপুরা জেলায় ত্রিপুরা স্কুল কোয়ালিটি অ্যাসেসমেন্ট ও অ্যাক্রিডিটেশন ফ্রেমওয়ার্ক- এর প্রথম পর্যালোচনার পাইলট প্রজেক্ট বাস্তবায়ন নিয়ে সংশ্লিষ্টদের একটি বিস্তারিত

প্রতিবেদন জমা দিতে বলেন, যাতে সাফল্য এবং চ্যালেঞ্জগুলির সঠিক মূল্যায়ন করা যায়। বৈঠকে শিক্ষা দপ্তরের বিশেষ সচিব রাতুল হেমেন্দ্র কুমার ত্রিপুরা স্কুল কোয়ালিটি অ্যাসেসমেন্ট ও অ্যাক্রিডিটেশন ফ্রেমওয়ার্ক খসড়ার ৬ এর পাতায় দেখুন

ভূয়ো চিকিৎসকের বিরুদ্ধে মামলা তদন্তে পুলিশ

নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ৫ নভেম্বর। ভূয়ো চিকিৎসকের বিরুদ্ধে থানায় মামলা দায়ের করলেন এক ব্যক্তি। ওই ঘটনায় পুলিশ তদন্ত শুরু করেছে। ঘটনার বিবরণে বিকাশ চন্দ্র দাস বলেন, দীর্ঘ দিন যাবৎ ছেলেবেটা হাসপাতালের সামনে চিকিৎসক করছিলেন প্রসন্ন দাস। কিন্তু তিনি আসলে ভূয়ো চিকিৎসক। তার কাছে পরিষেবা নিতে রাজ্যের বিভিন্ন জায়গা থেকে রোগী আসে। তাদের কাছ থেকে পরিষেবার নামে টাকা হাতিয়ে নেয়। তিনি ওই ভূয়ো চিকিৎসকের কাছে পরিষেবা নিতে গিয়েছিলেন। কিন্তু তিনি তার দেওয়া ওষুধ খেয়ে অসুস্থ হয়ে পড়েন আজ তিনি ছেলেবেটা থানায় তার বিরুদ্ধে মামলা দায়ের করলেন। ওই ঘটনায় লংতরাইভালি মহকুমার অঙ্গুষ্ঠিত হলেসেটা এলাকায় তীব্র চাঞ্চল্য ছড়িয়েছে। পুলিশ ওই ঘটনার তদন্তে নেমেছে।

বিদ্যুৎ মাশুল বৃদ্ধি প্রত্যাহার সহ বিভিন্ন দাবিতে কংগ্রেসের বিক্ষোভ মিছিল




নিজস্ব প্রতিনিধি, কুমারঘাট, ৫ নভেম্বর। সরকারের উপর চাপ বাড়তে গ্রাহকদের হয়ে মাঠে নামলো বিরোধী দল কংগ্রেস। বিদ্যুৎ মাশুল বৃদ্ধি প্রত্যাহার এবং বকেয়া বিদ্যুৎ বিল কিস্তিতে পরিশোধ করা সহ পাঁচ দফার দাবিতে কুমারঘাটে বিদ্যুৎ নিগম অফিসের সামনে বিক্ষোভ ও ডেপুটেশন দিলো কংগ্রেস। বিদ্যুৎ ভোক্তাদের সাথে প্রতারণা করেছে ত্রিপুরা রাজ্য বিদ্যুৎ নিগম। প্রিপেইড মিটার রিচার্জে ত্রিপুরা চাক্ষুসের নামে গ্রাহকদের থেকে কেটে নিচ্ছে অধিক অর্থ। মূলত এই অভিযোগ এনে কুমারঘাটে আন্দোলন বাপালো পানিবিভাগের কংগ্রেস। উল্লেখ্য বেশ কিছুদিন ধরেই বিদ্যুৎ

নাবালিকা ধর্ষণ দুই ভাইকে ২০ বছরের কারাদণ্ড

নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ৫ নভেম্বর। কুড়ি বছরের নাবালিকাকে ধর্ষণের দায়ে দুই ভাইকে পকসো আইনে কুড়ি বছরের সশ্রম কারাদণ্ডের রায় দিয়েছে উত্তর জেলার জেলা ও দায়রা আদালত। ওই মামলায় জন্মক পিপি জানিয়েছেন, ২০২২ সালের ফেব্রুয়ারি মাসে স্কুল থেকে বাড়ি ফেরার পথে এক নাবালিকা প্রস্তুত নাথ বাড়িতে জল খেতে গিয়েছিল। পরবর্তী সময়ে তাকে ঘরে নিয়ে গিয়ে ধর্ষণ করে। ওই ঘটনাটি চোখে দেখেছিলেন আসামির ছোট ভাই পাণ্ডু দেবনাথ। পরবর্তী সময়ে গ্র্যাকমইল করে পাণ্ডু দেবনাথ অনেকবার ধর্ষণ করেন। ৬ এর পাতায় দেখুন

পর্যদ পরিচালিত '২৫ এর মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক পরীক্ষা ফেব্রুয়ারিতে



নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ৫ নভেম্বর। ত্রিপুরা মাধ্যমিক পর্যদ পরিচালিত ২০২৫ সালের উচ্চ মাধ্যমিক ও মাধ্যমিক পরীক্ষার ফেব্রুয়ারি মাসে শুরু হতে পারে। আজ পর্যদ ভবনে সাংবাদিক সম্মেলন করে এমনটিই জানিয়েছেন পর্যদ সভাপতি ড. ধনঞ্জয় গণ চৌধুরী।

আজ সাংবাদিকদের মুখোমুখি হয়ে সভাপতি ড. ধনঞ্জয় গণ চৌধুরী বলেন, ২০২৫ সালের উচ্চ মাধ্যমিক পরীক্ষা ২৩৩৭ জন এনরোলমেন্ট করেছে। তাতে বিজ্ঞান বিভাগে পরীক্ষার্থীর সংখ্যা ২১৫২ জন। তেমনি, মাধ্যমিক পরীক্ষার ৩৩৮০০ জন এনরোলমেন্ট করেছে।

বিশালগড়ে বাসে হামলা : যাত্রীর হার ছিনতাই করে পালাল দুষ্কৃতিরা



নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ৫ নভেম্বর। ভয়ংকর ঘটনার সাক্ষী হয়েছেন বিশালগড়বাসী। বাসে

স্কুল বাসের ধাক্কায় যুবকের মৃত্যু

নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ৫ নভেম্বর। স্কুল বাসের ধাক্কায় মৃত্যু সাথে পাঞ্জা লড়ছে এক যুবক। প্রত্যক্ষদর্শীরা তাকে উদ্ধার করে জিবি হাসপাতালে নিয়ে গিয়েছেন। এদিকে, যাতক বাস চালক ঘটনাস্থল থেকে পালিয়ে যেতে সক্ষম হয়েছেন। অন্যদিকে, এদিন গভীর রাতে আহত যুবকের মৃত্যু হয়েছে বলে সংবাদে প্রকাশ। ঘটনার বিবরণে জানা গিয়েছে, আজ ইন্দ্রনগর এলাকায় স্কুল বাসের ধাক্কায় গুরুতর আহত হয়েছেন সেবরত রায় (৪৭)। পেশায় ৬ এর পাতায় দেখুন

প্রশিক্ষণপ্রাপ্ত মহিলা চালকদের শংসাপত্র প্রদান

সুরক্ষার দিকে নজর রেখে গাড়ি চালানোর পরামর্শ রাজ্যপালের



নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ৫ নভেম্বর। রাজ্যপাল ইন্দ্র সেনা রেভিড নাথু আজ ত্রিপুরা সরকারের পরিবহন দপ্তরের গাড়ি চালনা প্রশিক্ষণ কেন্দ্র ইনস্টিটিউট অফ ড্রাইভিং ট্রেনিং এন্ড রিসার্চ থেকে প্রশিক্ষণ প্রাপ্ত ৩৮ জন মহিলার হাতে আজ ড্রাইভিং সার্টিফিকেট বা শংসাপত্র তুলে দিয়েছেন। এই হাতে ড্রাইভিং সার্টিফিকেট প্রদান উপলক্ষে জিরানিয়ায় ইনস্টিটিউট অফ ড্রাইভিং ট্রেনিং এন্ড রিসার্চ প্রদানে এক অনুষ্ঠানের আয়োজন করা হয়। এই অনুষ্ঠানে প্রধান অতিথি ও উদ্বোধকের ভাষণে রাজ্যপাল শ্রী ইন্দ্র সেনা রেভিড নাথু এই উদ্যোগের প্রশংসা করেন। অনুষ্ঠানে বক্তব্য রাখতে গিয়ে

উড়ালপুলে ফের দুর্ঘটনায় আহত স্কুটি চালক

নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ৫ নভেম্বর। ফ্লাইওভারে আরো একবার দুর্ঘটনা ঘটেছে। ঘটনায় আহত স্কুটির চালক। বর পয়ে ফায়ার সার্ভিস কর্মীরা ঘটনাস্থল থেকে আহতকে উদ্ধার করে জিবি হাসপাতালে নিয়ে যায়। পথ চলতি সাধারণ মানুষের অনুদান, স্কুটি চালক সন্তবত নোশাগ্রস্ত অবস্থায় ছিল বলেই এই দুর্ঘটনা ঘটে। অগ্নিনির্বাপক দপ্তরের জনৈক কর্মী জানান, তারা ঘটনাস্থলে এসে দেখেন স্কুটি চালক অজ্ঞান হয়ে রাস্তায় পড়ে আছে। আর কত গাড়ি বা কিছুই পান নি তারা। তিনি আরো বলেন, ছেলেরটির মাথায় কোনো হেলমেট ছিল না। তাদের ধারণা ধাক্কা খাওয়ার পর হয়তো হেলমেট ওভাররীজ থেকে নিচে পড়ে গেছে। এদিকে প্রত্যক্ষদর্শীরা জানিয়েছেন, ছেলেরটির বাকি চালানোর ভঙ্গি দেখে মনে হয়েছিল হয়তো সে নোশা করে আছে। হঠাৎ করে হোসামাল হয়ে ওভাররীজের পাশের সীমানা ধাক্কা খায় সে। তারপর স্কুটি থেকে ছিটকে পড়ে যায়।

শিশু সুপ্রিয়ার হৃদযন্ত্রে সফল অস্ত্রোপচার

নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ৫ নভেম্বর। রাষ্ট্রীয় বাল স্বাস্থ্য কার্যক্রমের (আরবিএসসি) মেডিকেল টিমের উদ্যোগে হৃদযন্ত্রের সম্পূর্ণ বিনামূল্যে সফল অস্ত্রোপচারে সুপ্রিয়া সিনহা নামের ৩ বছর ৯ মাস বয়সি এক শিশু কন্যা জীবন ফিরে পেয়েছে। ধলাই জেলার সালোমা প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রের অঙ্গুষ্ঠিত জামখুম এডিসি ভিলেজ এলাকার চিনি বিল পাড়া অদনওয়াড়ি কেন্দ্রে সালোমা প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রের রাষ্ট্রীয় বাল স্বাস্থ্য কার্যক্রমের মেডিকেল টিম ক্রমিক কর্মসূচিতে গিয়ে এক শিশুর জন্মগত হৃদযন্ত্রে সমস্যা রয়েছে বলে অনুমান করেন। তখন রাষ্ট্রীয় বাল স্বাস্থ্য কার্যক্রমের মেডিকেল টিম গত ৪ জুলাই, ২০২৪ শিশুটির এই জন্মগত সমস্যার চিকিৎসার বিষয়ে উদ্যোগ গ্রহণ করে এবং শিশুটির অভিভাবককে বিনামূল্যে হৃদযন্ত্রের উন্নত চিকিৎসার জন্য পরামর্শ দেন। শিশুটির অভিভাবকগণ তখন রাষ্ট্রীয় বাল কার্যক্রমের মেডিকেল টিমের পরামর্শে শিশুটিকে আগরতলা আইজিএম হাসপাতালে পরীক্ষার জন্য

নিয়ে যান এবং শিশুটির সম্পূর্ণ বিনামূল্যে ইকোকার্ডিওগ্রাফি পরীক্ষা করেন। এই পরীক্ষার মাধ্যমেই শিশুটির জন্মগত হৃদরোগ শনাক্ত হয়। চিকিৎসকগণ হৃদযন্ত্রের উন্নত চিকিৎসার জন্য শিশুটিকে বিনামূল্যে চেমাইয়ে আপোলো চিলড্রেন হাসপাতালে নিয়ে যাওয়ার পরামর্শ দেন। তখন সালোমা প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রের রাষ্ট্রীয় বাল স্বাস্থ্য কার্যক্রমের টিম-এর তরফে গত ১০ সেপ্টেম্বর, ২০২৪ শিশুটিকে চেমাই আপোলো চিলড্রেন হাসপাতালে পাঠানো হয়। এরপর গত ১৩ সেপ্টেম্বর, ২০২৪ শিশুটিকে চেমাই আপোলো চিলড্রেন হাসপাতালে হৃদযন্ত্রের অস্ত্রোপচার করানোর জন্য ভর্তি করা হয়। গত ১৪ সেপ্টেম্বর হাসপাতালে বিশেষজ্ঞ চিকিৎসকদের তত্ত্বাবধানে শিশুটির সফলভাবে হৃদযন্ত্রের অস্ত্রোপচার করা হয়। অস্ত্রোপচারের পর গত ২১ সেপ্টেম্বর, ২০২৪ শিশুটিকে হাসপাতাল থেকে ছুটি দেওয়া হয় এবং শিশুটিকে নিয়ে তার অভিভাবকরা রাজ্যে ৬ এর পাতায় দেখুন

পেইড পার্কিং নিয়ে বিক্ষোভ অটো চালকদের, দুর্ভোগ

নিজস্ব প্রতিনিধি, বিলাইনগর, ৫ নভেম্বর। সোমবার থেকে বিলাইনগর রেল স্টেশনে যাত্রী দুর্ভোগ চরম আকার ধারণ করে। আজও পরিস্থিতি একই ছিল। রেল স্টেশনে পেইড পার্কিং নিয়ে অটোচালকদের বিক্ষোভ এবং অটো চালকদের অচল অবস্থার সৃষ্টি হয়, আর এতেই যাত্রী দুর্ভোগ চরমে উঠে। অটোচালকদের অভিযোগ আজ হঠাৎ আরপিএফ এসে বিলাইনগর রেলস্টেশনে অটোচালকদের উপর অতর্কিত হামলা চালায় এবং বলার আঘাণ্ডা ভাষায় গালিগালাজ করে। এছাড়াও অটোতে লাঠি দিয়ে বাড়ি দেওয়া ছাড়াও অটোচালকদের জোরপূর্বক রেল স্টেশন থেকে বের ৬ এর পাতায় দেখুন

গাজার যুদ্ধে হারিয়ে যাচ্ছে একটা প্রজন্ম

জাগরণ আগরতলা ৬ নভেম্বর ২০২৪ ইং ২০ কার্তিক, বুধবার, ১৪৩১ বঙ্গাব্দ

উষণয়ন বিপদের ঘনঘটা

সভাতা যত উন্নত হইতেছে ততই মানুষ পরিবেশের উপর চরম আঘাত আনিতে শুরু করিতেছে। ইহার ভয়ংকর পরিণতি আমাদের নিজেদেরকেই ভোগ করিতে হইবে। পরিবেশ ক্রমাগত দুশ্বণের ফলে দেশের নদীগুলি ক্রমশ শুকাইয়া যাইতেছে। নদীর শুকাইয়া যাওয়ার প্রধান কারণ জলবায়ু পরিবর্তন। বিশ্ব উষ্ণায়ন ও জলবায়ু পরিবর্তনের কারণে বিশ্বের বৃকে আকর্ষণীয় ও বিখ্যাত বেশ কিছু নদী শুকাইয়া যাইতেছে।একবার তালিকার দিকে নজর দিলেই জনা যাইবে, কত বিখ্যাত নদী শুকাইয়া যাইতেছে বিশ্বে কলোরাজো নদী- এই তালিকায় সবার উপরে রহিয়ায়ছে করোলাজো নদী। মার্কিন যুক্তরাষ্ট্রে তীর দাবদাহে খরা পরিস্থিতি তৈরি হইতেছে বর্তমানে। তাহার প্রভাব পড়িতেছে এই নদীতে। যুক্তরাষ্ট্রের সাতটি অঙ্গরাজ্য ও মেক্সিকোর প্রায় চার কোটি মানুষের পানীয়, কৃষি ও বিদ্যুতের জন্য এ নদীর জলের উপর নির্ভরশীল। নদী অববাহিকা রক্ষা করিতে এই নদীর জল ব্যবহার কমানোর আর্জি জানানো হইয়াছে।'পো নদী- ইতালিতে উৎস। এই নদীর আর্ড্রিয়াটিক সাগরে গিয়া পড়িয়াছে। লক্ষাধিক মানুষ জীবিকার জন্য পো নদীর উপর নির্ভরশীল। এই নদীর উপর কৃষিকাজ অনেকটাই নির্ভর করিয়া রহিয়াছে। গত সাত দশকের মধ্যে বর্তমানে বিপজ্জনক খরাপ্রবণ হইয়া উঠিয়াছে এলাকা। ফলে পো নদীর জল ক্রমত শুকাইয়া যাইতেছে। দ্বিতীয় বিশ্বযুদ্ধের সময়কার একটি বোমাও সম্প্রতি মিলিয়াছে পো নদীর তলাদেশে।

লয়ার নদী- এই লয়ার নদীটি বেশ কিছু অংশ অগভীর হইয়া পড়িয়া রহিয়াছে। জলবায়ু পরিবর্তনের জেরে এই নদী-উৎসের বরফ গলিয়া যাওয়ায় নদীর প্রবাহে বিস্তর পরিবর্তন ঘটিয়াছে। পরিবর্তন ঘটিয়াছে জলস্তরেও। বৃষ্টির অপ্রতুলতায় বহু জায়গায় শুকাইয়া যাইতেছে নদী। মানুষ এই নদী দিয়া হাটিয়াই পার হইয়া যাইতেছে।

পরিবেশের উপর এই বিপজ্জনক প্রভাবের দায় আমরা নিজেরা কোনভাবেই অস্বীকার করিতে পারিব না। পরিবেশ দুশ্বণের জন্য আমরা নিজেরাই পুরো ভাগে দায়ী। পরিবেশের উপর মারাত্মক প্রভাব নামিয়া না আসিলে পরিস্থিতি এমন পর্যায়ে আসিয়া পৌঁছাইত না। এই দায় মাথায় নিয়া পরিবেশকে নির্মল রাখিবার জন্য আমাদের প্রত্যেককে অস্বীকার গ্রহণ করিতে হইবে। পরিবেশ নির্মল রাখিবার জন্য প্রত্যেকেই নিজ দায়িত্ব পালন করিলে এই জটিল সমস্যা হইতে উত্তরণের পথ খুঁজিয়া পাওয়া যাইবে। অন্যথায় পরিস্থিতি যে পর্যায়ে আসিয়া দাঁড়াইয়া আছে তাহাতে অদূর ভবিষ্যতেই আমাদের ভয়ঙ্কর সংকটের সম্মুখীন হইতে হইবে। এই সংকট মোকাবেলা করিয়া বাচিয়া থাকা সম্ভব হইবে কিনা তাও প্রশ্ন চিহ্নে আসিয়া দাঁড়াইয়াছে। প্রত্যেকে সচেতন হইলে এই জটিল সমস্যায় সহজতর হইয়া উঠিবে। এজন্য প্রত্যেককেই নিজ দায়িত্ব যথাযথভাবে পালন করিতে হইবে।

প্রকাশ্য দিবালোকে চলল গুলি, উত্তর প্রদেশের মোরাদাবাদে দুষ্কৃতীদের গুলিতে খুন শিক্ষক

মোরাদাবাদ, ৫ নভেম্বর (হিস.): উত্তর প্রদেশের মোরাদাবাদে দুষ্কৃতীদের গুলিতে খুন হলেন এক শিক্ষক। মঙ্গলবার সকালে ঘটনাটি ঘটেছে। পুলিশ সুপার (শহর) রণবিজয় সিং বলেছেন, ‘মঙ্গলবার সকাল ৮টা নাগাদ ঘটনাটি ঘটেছে। মাঝেমাঝে থানা এলাকায় গ্রামের মধ্যে একটি স্কুল রয়েছে। ওই স্কুলের ভাইস প্রিন্সিপাল একই গ্রামে থাকেন। এদিন সকালে হেঁটে স্কুলে যাওয়ার সময় দু’জন তাঁকে লক্ষ্য করে গুলি চালায়। হাসপাতালে আনা হলে তাকে মৃত ঘোষণা করা হয়। আমাদের ৪টি দল মামলাটি তদন্ত করছে। আমরা শীঘ্রই এই মামলার কিণারা করব। নিহতের নাম সাব্বুল আলম।’ পুলিশ জানিয়েছে, গোটা ঘটনাটি সিপিটিভি-তে রেকর্ড রয়েছে।

ভারত ধর্ম্মের আশীর্বাদপূর্ণ পবিত্র ভূমি : রাষ্ট্রপতি

নয়াদিল্লি, ৫ নভেম্বর (হিস.): ভারত ধর্ম্মের আশীর্বাদপূর্ণ পবিত্র ভূমি প্রথম এশীয় বৌদ্ধ সম্মেলনে এই মন্তব্য করলেন রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু। রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু মঙ্গলবার কেন্দ্রীয় মন্ত্রী কিরেন রিজ্জু ও গজেন্দ্র সিং শেখাওয়াতের সঙ্গে প্রথম এশিয়ান বৌদ্ধ সম্মেলন ২০২৪-এর উদ্বোধন করেছেন। এদিন রাষ্ট্রপতি বলেছেন, ‘বুদ্ধ পথ অনুধাবনকারীদের মধ্যে একটি অনন্য স্থান ধারণ করে।’ রাষ্ট্রপতি উল্লেখ করেছেন, বুদ্ধগায়ার বোধিবৃক্ষের নীচে সিদ্ধার্থ গৌতমের জ্ঞানার্জন ইতিহাসে একটি অতুলনীয় ঘটনা।

রাষ্ট্রপতি বলেন, বিশ্ব এখন যখন বিভিন্ন ক্ষেত্রে অস্তিত্ব সংকটের সম্মুখীন, তখন বৌদ্ধ সম্প্রদায়ের মানবজাতিকে অনেক কিছু দেওয়ার আছে। তিনি এশিয়াকে শক্তিশালী করতে বৌদ্ধধর্মের ভূমিকা এবং কীভাবে এটি এশিয়া ও বিশ্ব প্রকৃত শান্তি আনতে পারে তা নিয়ে আলোচনার প্রয়োজনীয়তার ওপর জোর দেন। তিনি বলেন, বৌদ্ধধর্মের কেন্দ্রীয় বার্তা শান্তি ও হিংসার উপর দৃষ্টি নিবদ্ধ করে।

“সিবিআই-এর বদলে সঞ্জয় রাইপন্থী হয়ে উঠলেন কোনউদ্দেশ্যে”, কটাক্ষ কুণালের

কলকাতা, ৫ নভেম্বর (হিস.): “খাঁরা বলছিলেন কলকাতা পুলিশ নয়, সিবিআই চাই; হাইকোর্ট সিবিআই দিতে যারা ভুল লক্ষ্যবক্ষ করে আওনত্বরা বিবৃতি দিয়েছিলেন; এখন তাঁরাই সেই সিবিআই-এর বদলে সঞ্জয় রাইপন্থী হয়ে উঠলেন কোনউদ্দেশ্যে?” আর জি কর-কাণ্ডে খাঁরা সিবিআই তদন্ত দাবি করেছিলেন, এভাবে তাঁদের একহাত দিলেন তৃণমূল নেতা কৃণাল খোষা। মঙ্গলবার তিনি এর সঙ্গে এক্সবার্ভার্স লেখেন, “আপনার সিবিআই চেয়েছিলেন, সিবিআই যাবতীয় তদন্ত করে দেখেছে ধর্ষণ ও খুনে কলকাতা পুলিশের গ্রেফতারি সঠিক ছিল। আপনারা বহু পক্ষ সূত্রিম কোর্টে অহিংসভাবে দিয়েছেন। সূত্রিম কোর্ট সিবিআই তদন্ত মনিটর করছে। তারপরেও আপনারা সিবিআই তদন্তে আস্থা না রেখে নিজেদের ইচ্ছেমত কল্পকাহিনি দিয়ে বাজার গরম করছেন। তাহলে সিবিআই তদন্ত চেয়েছিলেন কেন?”

১০০ বছরের সমস্যা মিটেছে মাত্র দুই বছরে : যোগী আদিত্যনাথ

হাজীরাবাগ, ৫ নভেম্বর (হিস.): বাড়খণ্ডে বিধানসভা নির্বাচনের প্রচারে বাড়খণ্ড মুক্তি মোর্চা, কংগ্রেস ও আরজেডি-র তীব্র সমালোচনা করলেন উত্তর প্রদেশের মুখ্যমন্ত্রী যোগী আদিত্যনাথ। মঙ্গলবার বাড়খণ্ডের হাজীরাবাগের নির্বাচনী প্রচারে যোগী আদিত্যনাথ বলেছেন, ‘আমি ভগবান রামের পবিত্র ভূমি অযোধ্যা থেকে আপনারদের মাঝে এসেছি। যারা বলতেন অযোধ্যায় রামমন্দির তৈরি হবে না, তারা এখন তা দেখছেন। এই আরজেডি, জেএমএম এবং কংগ্রেসের লোকজনই বাধা দিচ্ছিল। দেশের জনগণ বিশ্বের সবথেকে জনপ্রিয় নেতার হাতে দেশের লাগাম দেওয়ার সঙ্গে সঙ্গেই মাত্র দুই বছরে ১০০ বছরের সমস্যার সমাধান হয়ে গেছে। এখন উত্তর প্রদেশের সমস্ত মফিয়া এবং গুন্ডারা হয় উত্তর প্রদেশ ছেড়ে গৌছে অথবা নরকে যাাত্রা করেছে।’

সভাতার ইতিহাসে গাজার যুদ্ধে সে দেশের মানুষ নজীর বিহীনভাবে একটা প্রজন্মাকে হারাতে চলেছে। ক্ষেপনাস্ত্রের অবিরাম আঘাতে গাজার মানচিত্র থেকে মুছে যাচ্ছে মানুষের বসত, বাজার, হাসপাতাল, স্কুল বিশ্ববিদ্যালয়, এক ইতিহাসের নিদর্শন। ধ্বংসস্তূপের তলায় শুণ্ড শাবের পাণ্ডা। নারী পুরুষ শিশুর নিখর দেহ গুনে শেষ করা যায় না। গাজার ইউনাইটেড নেশন অফিস ফর দ্য কো-অভিনেশন অব হিউম্যানিটারিয়ান অ্যাক্ফোর্সের প্রতিদিনের ব্লগেটিনে উঠে আসছে যুদ্ধের ধ্বংস চিত্র।। গত এক বছরে নিহত হয়েছেন ৪৫ হাজারেরও বেশি মানুষ, যার মধ্যে শিশুর মৃত্যু হয়েছে ১৪ হাজারের বেশি। গুরুতর কি আহত হয়েছেন এক লক্ষ মানুষ। অগণিত মানুষের শবদেহ শনাক্ত করা কঠিন হয়ে পড়ছে।রাষ্ট্রসংঘের শরণার্থী বিষয়ক সংস্থার ক প্রধান ফিলিপ লাজারিনি বলছেন গাজা এখন। পরিণত হয়েছে বর্জ্যভূমিতে। মানুষের কোথাও সেখানে বসবাসের স্থান খুঁজে পাওয়া যাচ্ছে না। মানুষকে

আন্তর্জাতিক মহাকাশ স্টেশনের ৭ তথ্য

১. প্রতি ৯০ মিনিটে পৃথিবী প্রদক্ষিণ করে- আন্তর্জাতিক মহাকাশ স্টেশন সেকেন্ডে প্রায় ৫ মাইল বেগে পৃথিবীকে প্রদক্ষিণ করছে। ঘণ্টায় যা প্রায় ২৮ হাজার কিলোমিটার। ফলে নভোচারীরা প্রতি ৯০ মিনিটে একবার সূর্য্যদয় ও সূর্যাস্ত দেখতে পান। অর্থাৎ তাঁরা প্রতিদিন ১৬ বার সূর্যের উদয় ও অস্ত দেখেন। ২. আইএসএস ফুটবল মাঠের সমান- মহাকাশ মানবসৃষ্ট সবচেয়ে বড় কাঠামোগুলোর মধ্যে একটা। আন্তর্জাতিক স্পেস স্টেশন। লম্বায় প্রায় ১০৯ মিটার বা ৩৫৬ ফুট। অনেকটা আমেরিকান ফুটবল মাঠের সমান। এই স্টেশনে একসঙ্গে ৭ নভোচারী থাকতে পারেন। স্টেশনের কাজের জায়গাটি ছয় বেডরুমের একটা বাড়ির চেয়েও বড়। সেখানে রয়েছে ছয়টি ঘুমানোর কোয়ার্টার, দুটি বাথরুম, একটি জিমসেসিয়াম ও একটি বিশাল জানালা। এই জানালার সাহায্যে ৩৬০ ডিগ্রি ভিউতে দেখা যায়। আইএসএস-এর ওজন প্রায় ৪৫০ টন বা ৪ লাখ কেজি। পৃথিবীর সবচেয়ে বড় যাত্রীবাহী উড়োজাহাজ এয়ারবাস এ৩৮০-এর দৈর্ঘ্য ২৬২ ফুট। বুঝতেই পারছেন স্পেস স্টেশন কতটা বড়! সেখানে বিদ্যুৎ সরবরাহের জন্য একটি বিশাল নিটওয়ার্ক তৈরি করা হয়েছে। প্রায় আট মাইল দীর্ঘ তারের মাধ্যমে সংযুক্ত করা হয়েছে বিভিন্ন মডিউলকে। স্পেস স্টেশন চালানোর জন্য রয়েছে ৫০টি কম্পিউটার। ৩. মাইক্রোগ্রাভিটি ল্যাবরেটরি- আশ পাশের জিনিসগুলো ভাসমান অবস্থায় রাখার জন্য স্পেস স্টেশনের বেতনের রয়েছে মাইক্রোগ্রাভিটি ব্যবস্থা। মহাকাশে স্টেশনের নভোচারীরা কিংবা বস্তুগুলো

মহম্মদ শাহাবুদ্দিন
পৃথিবী। খাদ্য ও ক্ষুধা এখন যুদ্ধাস্ত্র হয়ে উঠেছে। যুদ্ধ আর ক্ষুধা এখন এক সুরে গাঁথা। যুদ্ধ বাধলেই ক্ষুধার্ত মানুষের সারি দেখা যায়। পৃথিবীর সব বড় যুদ্ধেই এই ছবি ফুটে উঠেছে। যুদ্ধ আক্রান্ত গাজা প্যালেস্টাইন লেবাননেও তাই। ক্রমশ দীর্ঘ থেকে দীর্ঘতর হচ্ছে ক্ষুধার্ত মানুষের ভীড়। গাজায় শিশু থেকে সর্বাি মিশে যাচ্ছে ক্ষুধার্ত মানুষের ভীড়ে। বিশ্বযুদ্ধ আমাদের দেখিয়েছিল যুদ্ধ এবং ক্ষুধা কিভাবে একসাথে মিশে যায়। ৬০- এর দশকে আমরা দেখেছিলাম ভিয়েতনামের বৃকে মার্কিনী ন্যাপাম বোমা শস্য ক্ষেত্রের ফসল পুড়িয়ে সে দেশের মানুষকে অমহীন করতে চেয়েছিল। এ যুগের যুদ্ধেও খাদ্যকে অস্ত্র হিসেবে ব্যবহার করা হচ্ছে। যুদ্ধবাজারা এমনভাবে এগোচ্ছে, যেন ক্ষুধা অস্ত্রে পরিবর্ত হয়ে ওঠে। কারণ ক্ষুধার্ত মানুষের সংখ্যা যত বাড়বে, দুর্ভিক্ষ যত তীব্র হবে অস্ত্রের খরচ তত কমবে। মারাগাস্ত্রের বদলে ক্ষুধা

অবকাঠামোকে বিপর্যয়ের মুখে ঠেলে দিয়েছে। গত ২১ আগস্ট জাতিসংঘের বাণিজ্য ও উন্নয়ন সম্মেলনের প্রতিবেদনে বলা হয়েছে, গাজার অর্থনীতিকে পুনরুদ্ধার করতে ৩৫০ বছরেরও বেশি সময় লেগে যাবে। গাজার আকাশে সূর্যোদয়ের আলোকিত ভোরে চেয়ে থাকে যুদ্ধের ধোঁয়া। শরণার্থী শিবিরে বসে শুধু বিভীষিকার সময় গোন। শিবির জুড়ে স্তব্বধাক আতঙ্কিত শিশুর দল বৃকতে পারে না তাদের অজম লালিত নিরাপদ গৃহস্থান কোন হারিয়ে গেল। যুদ্ধ ক্লা্ড প্যালেস্টাইনে এক ধাক্কায় কয়েক মিলিয়ন মানুষ দারিদ্র সীমার নীচে পৌঁছে গেছে। স্বাস্থ্য ও শিক্ষার মতো উন্নয়নের সূচকগুলো পিছিয়ে গেছে প্রায় ৭০ বছর। দেশের অগ্রগতি নামতে নামতে এমন একটা জায়গায় পৌঁছেছে, যার পুনর্নির্মাণ কয়েক শতাব্দীর কাজ। এক বিপুল সংখ্যক যুবক জীবিকা হারানোর মুখে দাঁড়িয়ে আছে। প্যালেস্টাইনের এই অভূতপূর্ব বিপর্যয় সবচেয়ে বড়

করে দেখিয়েছে শিশু প্রজন্মের মৃত্যুকে। এই মৃত্যু সংকেত দিচ্ছে আগামী যুব সম্প্রদায়ের বিপর্যয়ের। আর কয়েক দশক পরে আমরা খুঁজে পাব কি যুদ্ধের আবেহে বড় হয়ে ওঠা যুব প্রজন্মকে। যে শিশু জন্মাতেই দেখেছে যুদ্ধ, শৈশব পার করে সেই যুদ্ধই হয়তো তাকে নিয়ে যাবে আগামী দিনে। তাদের কাছে যুদ্ধ কখনও অতীত হয় না। যুদ্ধ সেখানে কালও ছিল আজও আছে। যুদ্ধ তো ধ্বংস দিশে শুরু হয়, যুদ্ধ স্থির হলে তার বীজ তখনও মেরে চলে মানুষকে। যুদ্ধের মুখ কখনও অতীতের জীবনও থেকে যায় মৃত্যুকে সাথে করে। শিশুকাল থেকে যুদ্ধ দেখতে দেখতে একদিন যৌবন আসে। শৈশবের ভয় শহর দেখলে তখনও মনে হয় বসন্ত আসেনি। গাজায় প্রতিদিন শিশু জন্ম নিচ্ছে। মায়ের কোলে সেও হাসে। কিন্তু কোনম আছে এখন সেই মায়ের কোল, সেই মায়ের কোমের শিশুও যে শিশু বেঁচে থাকবে, তারা আবার হেসে উঠবে তো? (সৌজন্যে-দৈ-স্টেটসম্যান)

আন্তর্জাতিক মহাকাশ স্টেশনের ৭ তথ্য

পৃথিবীর মতো মহাকর্ষচর্ন অনুভব করে না। এ কারণে নভোচারীদের স্পেস স্টেশনের ভিতরে ভেসে বেড়াতে দেখা যায়।তবে ব্যাপারটা এমন নয় যে, সেখানে কোনো মাধ্যাকর্ষণ নেই। আছে তবে খুব দুর্বল। মাইক্রোগ্রাভিটির এই পরিবেশ বিজ্ঞানীদের জন্য অনন্য ল্যাবরেটরি হিসেবে কাজ করে। পৃথিবীর মাধ্যাকর্ষণের প্রভাবে অনেক পরীক্ষা করা সম্ভব নয়। কিন্তু মহাকাশে এই বাধা নেই। বিজ্ঞানীরা এখানে চিকিৎসা, জীববিজ্ঞান ও পদার্থবিজ্ঞানের নানা পরীক্ষা চালান। ১০৮টির বেশি দেশের গবেষকদের প্রায় ৩ হাজারটি গবেষণা কাজ পরিচালনার সুযোগ করে দিয়েছে এক্সপেডিশন ৬০, যা এই মাইক্রোগ্রাভিটি ল্যাবরেটরিকে বিশ্বব্যাপী গবেষণার এক কেন্দ্রবিন্দুতে পরিণত করেছে। ৪. প্রতিদিন দুই ঘণ্টা ব্যায়াম-

দেশের একক প্রকল্প নয়। পাঁচটি মহাকাশ সংস্থা মিলে ২৫টি দেশের অংশীদারিত্বে আন্তর্জাতিক মহাকাশ স্টেশন পরিচালনা করে। এই যৌথ প্রকল্পের মহাকাশ সংস্থাগুলো হলো যুক্তরাষ্ট্রের নাসা, রোধ মহাকাশ সংস্থা রসকসমস, কানাডিয়ান স্পেস এজেন্সি, জাপানি মহাকাশ অনুসন্ধান সংস্থা, ইউরোপীয় মহাকাশ সংস্থা, ৭. আইএসএস অনেকগুলো বড় যুক্ত-আমরা ছবিতে যেকগুলোই দেখি সেটা একবারে মহাকাশে উৎক্ষেপণ করা হয়নি। দীর্ঘনিধি ধরে রকেটের মাধ্যমে একেকটি অংশ মহাকাশে পাঠানো হয়েছে। তারপর সেগুলো একটা অন্যটির সঙ্গে যুক্ত করে তৈরি করা হয়েছে এই কাঠামো। ১৯৯৮ সালে জারিয়া নামে মডিউল দিয়ে আন্তর্জাতিক মহাকাশ স্টেশনের যাত্রা শুরু হয়। পরের কয়েক বছরে পরীক্ষাগার, লিভিং কোয়ার্টার ও

ধাঁধা থেকে জন্ম যার

আবুল বাসার
বুদ্ধির পরীক্ষা দিতে সে যুগেও বেশ জনপ্রিয় হয়ে উঠ'ছিল চতুরঙ্গ।সে যুগে ভারতের সঙ্গে আরব ও পারস্যের (বর্তমানে ইরান) বাণিজ্যিক যোগাযোগ ছিল।তাই বণিবদের হাত ধরে চতুরঙ্গ পারস্যে চলে যেতে সময় লাগেনি। সেখানে এর নতুন নাম হয় শতরঞ্জ। প্রায় একই সময় ভারত থেকে খেলাটা চীনায়াত্রা করে। চীনারা এর নামকরণ করে জিয়ানকুই। ১২ শতকে পারস্যের বাশাহই সালাউদ্দিনের শাসনামলে ইউরোপের ক্রুসেডাররা জেরুজালেম রক্ষার নামে দলে দলে ভিড় জমায় আরব ও পারস্যে। দীর্ঘদিন সেখানে থাকতে থাকতে তারা সেখানকার অনেক কিছুই আমদানি করতে থাকে ইউরোপে এভাবে শতরঞ্জও ইউরোপে পাড়ি জমায়। আবার স্পেনে মুসলিম মূর শাসনামলে শতরঞ্জ ইউরোপসহ রাশিয়ায় ছড়িয়ে পড়ে বলে ধারণা অনেকের। এখানেও সে নতুন নাম পায় ‘চেস’, যা পুরোনো ফরাসি ভাষা “বণবণপ” (অর্থ চেক) থেকে উদ্ভূত। আসলে এই চেস শব্দটি এসেছে ফার্সি শাে (রাজা বা বাদশা) শব্দ থেকে। শুধু নামেই নয়, খেলাটার আরও অনেক কিছুই পরিবর্তিত হয়। এখানেই খ্রিস্টীয় ক্যাথলিক ধর্মের প্রভাবে দাবায় রিশপ (ভারত ও বাংলাদেশে হাতি বা গজ নামেও পরিচিত) যুক্ত হয়। আরও পরে যোগ হয় রানি। পরে ইউরোপিয়ানদের মাধ্যমে

বইয়ের পৃষ্ঠা এখন রাজা শেহরাম আর চিসার কাছে ফেরা যাক। হিসাব করে দেখা যাক, চিসার শর্ত অনুযায়ী, ৬৪টি বর্গক্ষেত্রে ঠিক কী পরিমাণ শস্যকণা থাকতে পারে। হিসাবমতে, ৬৪তম বর্গক্ষেত্রে গম বা শস্যের পরিমাণ হবে ২৬৩টি (অর্থাৎ ২৬৩ বর্গ)। আন্তর্জাতিক দাবা খাতে ৬৩। কারণ, প্রথম ঘরটিতে ছিল একটি শস্য। দ্বিতীয়টিতে ২টি, তৃতীয়টিতে ৪টি বা ২ (২-এর ঘাত ২) চতুর্ধতিতে একটি বেশ ১২০...এভাবে ৬৪তম বর্গক্ষেত্রে ২৬৩ (২-এর ঘাত ৬৩)। তাহলে, পুরো দাবার বোর্ডে শস্যকণার পরিমাণ হবে ২৬৪-১টি। অর্থাৎ ২-কে ৬৪ বার গুণ করে, তা থেকে ১ বিয়োগ করতে হবে। কারণ প্রথম ঘরে শস্যকণার পরিমাণ ১টি। দ্বিতীয় ঘরে ২টি। তাহলে প্রথম ও দ্বিতীয় ঘরে মোট শস্যকণা হবে ১, ২ = ৩ বা ২২ তৃতীয় ঘরে ১ ২ ৪ = ৭টি বা ২৩ - ১টি, প্রথম চার ঘরে ১ ২ ৪ ৮ = ১৫টি বা ২৪- ১টি, এভাবে প্রথম থেকে তৃতীয় ঘরে ১ ২ ৪ = ৭টি বা ২৩ - ১টি, প্রথম চার ঘরে ১ ২ ৪ ৮ = ১৫টি বা ২৪- ১টি, এভাবে প্রথম থেকে ৬৪তম ঘরে ২৬৪ - ১টি। হিসেবে পাওয়া যায়, ২৬৪ - ১ = ১৮,৪৪৬,৭৪৪,০৭৩,৭০৯, ৫৫১, ৬১৫। অর্থাৎ চিসাকে ১৮,৪৪৬,৭৪৪,০৭৩, ৭০৯,৫৫১, ৬১৫টি শস্যকণা দিতে হবে। এখানের স্তূপ হিমালয়ের সর্বোচ্চ চূড়া মাউন্ট এভারেস্ট থেকেও উঁচু হবে। এটি ২০১০ সালের সারা বিশ্বে উৎপাদিত শস্যের চেয়েও এক হাজার গুণ বেশি। কারণ, সেবার বিশ্বে ধান উৎপাদন হয়েছে ৪৬৪,০০০, ০০০ মেট্রিক টন। কাজেই অম্ভব্য নিষ্ক্ষেয়জন। ***সূত্র: চেসডটকম ও উইকিপিডিয়া***

সম্পাদকীয় পাতায় প্রকাশিত নিবদ্ধ গুলির বক্তব্য সম্পূর্ণ লেখকদের ব্যক্তিগত অভিমত। সম্পাদক এরজন্য দায়ী নয়।

উত্তর পূর্ব সীমান্ত রেলওয়ের রেলওয়ে সুরক্ষা বাহিনীর হাতে এই বছর আটক ১৭৪ জন দালাল ৩৩.২৪ লক্ষ টাকারও অধিক মূল্যের রেলওয়ে টিকিট উদ্ধার



মালিগাঁও, ০৫ নভেম্বর, ২০২৪: দালালদের উপদ্রব নিয়ন্ত্রণ করার লক্ষ্যে উত্তর পূর্ব সীমান্ত রেলওয়ের রেলওয়ে সুরক্ষা বাহিনীর (আরপিএফ) পক্ষ থেকে নিয়মিতভাবে অভিযান চালানো হচ্ছে। সম্প্রতি ০১ থেকে ৩১ অক্টোবর, ২০২৪ পর্যন্ত এই জেনের মধ্যে তদন্ত অভিযান চালিয়ে আরপিএফ ০৭ জন

দালালকে আটক করে এবং তাদের কাছ থেকে ১.১৯ লক্ষ টাকারও অধিক মূল্যের ৫৫টি রেলওয়ে টিকিট উদ্ধার করে। ০৯ অক্টোবর, ২০২৪ তারিখের একটি ঘটনায় কাটিহারের সিআইবি ও বারসোইয়ের আরপিএফ টিম যৌথভাবে বারসোইয়ে তদন্ত অভিযান চালায়। এই অভিযানের সময় এই যৌথ দলটি প্রায় ৫,৭৯০

টাকা মূল্যের দুটি অব্যবহৃত রেলওয়ে টিকিট উদ্ধার করে এবং এই ঘটনার সাথে জড়িত থাকার অভিযোগে একজন দালালকে আটক করে। পরবর্তী পদক্ষেপের জন্য বারসোইয়ে রেলওয়ে আইনের ১৪৩ ধারার অধীনে একটি মামলা দায়ের করা হয়েছে। ২৭ অক্টোবর, ২০২৪ তারিখের

অন্য আরেকটি ঘটনায় নিউ কোচবিহারের আরপিএফ এবং আলিপুরদুয়ারের সিআইবি ও সিপিডিএস টিম কোচবিহারের গুরুবড়ি বাজারে অবস্থিত 'বাপি জেরস' নামে একটি দোকানে যৌথ অভিযান চালায়। এই যাত্রা করার সময় কৌণ্ডের সমস্যার সম্মুখীন হলে রেল যাত্রীরা ১৩৯ (টোল-ফ্রি) নম্বরে কল করতে পারেন।

অব্যবহৃত ই-টিকিট এবং ৪৩, ৩৩৭.৩০ টাকার ০৯টি ব্যবহৃত ই-টিকিট উদ্ধার করে এবং এই ঘটনার সাথে জড়িত থাকার অভিযোগে একজন দালালকে আটক করে। পরবর্তী পদক্ষেপের জন্য নিউ কোচবিহারে রেলওয়ে আইনের ১৪৩ ধারার অধীনে একটি মামলা দায়ের করা হয়েছে। এই বছরের জানুয়ারি থেকে অক্টোবর, ২০২৪ পর্যন্ত উত্তর পূর্ব সীমান্ত রেলওয়ের সুরক্ষা বাহিনীর দ্বারা উত্তর পূর্ব সীমান্ত রেলওয়ের বিভিন্ন স্টেশন ও ট্রেনে অভিযান চালিয়ে ১৭৪ জন দালালকে গ্রেপ্তার করা হয়েছে এবং প্রায় ৩৩.২৪ লক্ষ টাকার মোট ১২১টি টিকিট উদ্ধার করা হয়। রেলওয়ে টিকিটের অকর্তৃত্বশীল ও অবৈধ ক্রয়-বিক্রয়ের প্রতি কঠোর নজরদারি রাখার পাশাপাশি, উত্তর পূর্ব সীমান্ত রেলওয়ের আরপিএফ রেলযাত্রীদের সুরক্ষা নিশ্চিত করার কাজের পাশাপাশি রেল ব্যবহারকারীদের পরিষেবা ও সাহায্য প্রদানের জন্য সবসময় প্রস্তুত। ট্রেনে যাত্রার সময় যাতে কোনও ধরনের সমস্যার সম্মুখীন না হতে হয় তার জন্য যাত্রীদের উপযুক্ত টিকিটের সাথে অগ্রণ করার অনুরোধ জানিয়েছে উত্তর পূর্ব সীমান্ত রেলওয়ে কর্তৃপক্ষ। ট্রেনে যাত্রা করার সময় কৌণ্ডের সমস্যার সম্মুখীন হলে রেল যাত্রীরা ১৩৯ (টোল-ফ্রি) নম্বরে কল করতে পারেন।

পনেরো দিন ব্যাপী জল উৎসব শুরু হচ্ছে আগামীকাল বুধবার থেকে নীতি আয়োগের উদ্যোগে জলশক্তি মন্ত্রকের পানীয় জল ও স্বাস্থ্যবিধি বিভাগের যৌথ উদ্যোগে আয়োজিত হচ্ছে এই জল উৎসব

দেশের ২০টি রাজ্যের ২০টি উন্নয়ন প্রত্যাশী জেলা ও ব্লকে উদযাপিত হবে এই জল উৎসব

নয়াদিল্লি, ৫ নভেম্বর, ২০২৪: জলের ব্যবস্থাপনা, সংরক্ষণ এবং স্থায়িত্বের প্রতি সচেতনতা ও সংবেদনশীলতা তৈরি করতে আগামীকাল থেকে ১৫ দিন ব্যাপী "জল উৎসব"-এর সূচনা করতে যাচ্ছে নীতি আয়োগ। প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদীর দৃষ্টিভঙ্গিতে অনুসরণ করে গৃহীত হয়েছে এই প্রচারাভিযান কর্মসূচি প্রধানমন্ত্রী ২০২৩ সালের ডিসেম্বরে অনুষ্ঠিত মুখ্য সচিবদের তৃতীয় সম্মেলনে "নীতি উৎসব"-এর আদলে "জল উৎসব"-এর ধারণাটি উত্থাপন করেছিলেন।

নীতি আয়োগের উদ্যোগে জলশক্তি মন্ত্রকের পানীয় জল ও স্বাস্থ্যবিধি বিভাগের 'জাতীয় জল জীবন মিশনের' সঙ্গে সম্মিলিত ভাবে ৬-২৪ নভেম্বর ২০২৪, দেশের ২০টি উন্নয়ন প্রত্যাশী জেলা/ব্লকে অনুষ্ঠিত হতে যাচ্ছে এই 'জল উৎসব'। দেশের ২০টি রাজ্যে শুরু হতে যাওয়া এই উৎসবের মূল ভাবনায় জল সম্পদের সংরক্ষণ ও সুরক্ষায় সর্বজনীন অংশগ্রহণের পরিকল্পনা করা হয়েছে। এর উদ্দেশ্য হল, পরিবারগুলিতে জলের সূচ্যর ব্যবহার নিশ্চিত করা এবং জনসেবা সংস্থা, ব্যবহারকারী গোষ্ঠী এবং অন্য বিভিন্ন সংস্থাগুলির মধ্যে জল ব্যবস্থাপনার দায়িত্ববোধ তৈরি করা। এই উদ্যোগে, স্কুল ছাত্রদের জল ব্যবস্থাপনা কর্মসূচিতে যুক্ত করা হচ্ছে এবং তাদেরকে পরিবার ও সম্প্রদায়ের মধ্যে পরিবর্তনের অনুঘটক হিসেবে কাজ করার জন্য তাদেরকে যোগ্য করে তোলা হচ্ছে।

আয়োজন করা হবে, জল সম্পদ প্রাপ্তি 'এক পেড মা কে না' -এর অধীনে গাছ লাগানোর ও আয়োজন করা হবে। পানীয় জল ও স্বাস্থ্যবিধি বিভাগের "নল জল মিত্র" উদ্যোগের মাধ্যমে দক্ষতা বিকাশের জন্য স্থানীয় লোকোদের জল উৎসবের সময় নিখুঁত করা হবে। সংবেদনশীলতা এবং সক্ষমতা বৃদ্ধির জন্য স্ব-সহায়ক গোষ্ঠী এবং আশা কর্মীদেরও এই উৎসবে অন্তর্ভুক্ত করা হবে। জল উৎসবের লক্ষ্য হল, জল সম্পদ সংরক্ষণে শিক্ষার্থী, পরিবার এবং স্থানীয় সম্প্রদায় সহ সর্বস্তরের মানুষের মধ্যে দায়িত্ববোধ গড়ে তোলার মাধ্যমে জলকে জীবনের একটি গুরুত্বপূর্ণ উপাদান হিসাবে উদযাপন করা।

প্রধানমন্ত্রীর সুরক্ষার জন্য হেমন্তের কপটারের উড়ানে দেরি! চিঠি রাষ্ট্রপতিকে

নয়াদিল্লি ও রাঁচি, ৫ নভেম্বর (হি.স.): প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর নিরাপত্তার জন্য ঝাড়খণ্ডের মুখ্যমন্ত্রী হেমন্ত সোরেনের হেলিকপ্টারের উড়ানে দেরি হয়েছে। এই বিষয়টি খতিয়ে দেখে ব্যবস্থা নিতে রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মুকে চিঠি লিখেছে হেমন্ত সোরেনের দল ঝাড়খণ্ড মুক্তি মার্চ। রাষ্ট্রপতিকে ঝাড়খণ্ড মুক্তি মার্চের দেওয়া চিঠি প্রসঙ্গে অসমের মুখ্যমন্ত্রী ও বিজেপি নেতা হিমন্ত বিশ্ব শর্মা বলেছেন, "দেশের অন্যতম শীর্ষ পদে অধিষ্ঠিত প্রধানমন্ত্রী। প্রধানমন্ত্রী দেশের সর্বোচ্চ পদাধিকারী। তিনি একে তাঁর জন্ম নিরাপত্তার ব্যবস্থা করা হয় এবং প্রায় আধ ঘণ্টা বিমান

চলাচল বন্ধ থাকে। এই নিয়মগুলি সবাই জানে। সুতরাং, অসমেও যদি প্রধানমন্ত্রীর কোনও নির্বাচনী অনুষ্ঠান থাকে, আমরা সেদিন অন্য কোনও জায়গায় আমাদের নিজস্ব অনুষ্ঠান পরিচালনা করি। প্রধানমন্ত্রীর সুরক্ষা চিঠি গোপনীয় নয়। এটি মুখ্যমন্ত্রীর সঙ্গেও শেয়ার করা হয়েছে। সবাই সেই অনুযায়ী নিজেদের সময়সূচী তৈরি করেন। হেমন্ত সোরেন যদি প্রধানমন্ত্রীর নিরাপত্তা ইস্যুতে রাজনৈতিক ইস্যুতে পরিণত করতে চান, তাহলে তাবুন তিনি কতটা নাভাস... তিনি বুঝতে পেরেছেন... যে তিনি হারতে চলেছেন... তাই, তিনি অজুহাত দিচ্ছেন।'

শারদা সিনহার শারীরিক অবস্থার খোঁজ নিলেন প্রধানমন্ত্রী, ছেলের সঙ্গে বললেন কথা

নয়াদিল্লি, ৫ নভেম্বর (হি.স.): বিশিষ্ট লোকসঙ্গীত শিল্পী তথা পদ্মভূষণ পুরস্কার প্রাপ্ত গায়িকা শারদা সিনহার শারীরিক অবস্থার খোঁজখবর নিলেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। মঙ্গলবার শারদা সিনহার ছেলে অংগুমান সিনহাকে ফোন করে তাঁর মায়ের শারীরিক অবস্থার খোঁজ নেন প্রধানমন্ত্রী। অংগুমানকে সমস্ত ধরনের সহায়তার আশ্বাস দিয়েছেন প্রধানমন্ত্রী। অংগুমান প্রধানমন্ত্রীর কাছে জানান, তাঁর মা এখন ডেন্টালের সাপোর্টে রয়েছেন। প্রসঙ্গত, ৭২ বছর বয়সী লোকসঙ্গীত শিল্পী শারদা সিনহা ২০১৮ সাল থেকে মাল্টিপল মাইগ্রেলা, এক ধরনের ব্রাউ ক্যান্সারের সঙ্গে লড়াই করছেন। সোমবার তাঁর শারীরিক অবস্থার অবনতি হয়। তিনি এইসঙ্গে চিকিৎসাধীন রয়েছেন।

বীরভূমের দুবরাজপুরে নাবালিকাকে ধর্ষণের চেষ্টা! দুই সন্দেহভাজন পলাতক

বীরভূম, ৫ নভেম্বর (হি.স.): পশ্চিমবঙ্গ নারী নিরাপত্তার ঘটনা দিন দিন বেড়েই চলেছে, এবার বীরভূম জেলার দুবরাজপুরে টিউশন থেকে বাড়ি ফেরার পথে নাবালিকাকে ধর্ষণের চেষ্টার অভিযোগ উঠল। সোমবার রাত্রে ঘটে ঘটনাটি। অভিযোগ, টিউশন থেকে বাড়ি ফেরার পথে দুবরাজপুরের পণ্ডিতপুর গ্রামের কাছে দু'জন যুবক ওই নাবালিকার পথ আটকাই। তারা জোর করে রাস্তা থেকে টেনে নিয়ে যায় পাশে একটি ঝোপের মধ্যে। ওই নাবালিকার মুখে কাপড় বেঁধে দিয়ে ধর্ষণের চেষ্টা করে তারা। এমনকী ব্যাপক মারধরও করে ওই নাবালিকাকে। ওই যুবকদের হাত থেকে বাঁচতেই মুখে বাঁধা কাপড় সরিয়ে চিৎকার শুরু করে নাবালিকাটি। সেই চিৎকার শুনে ছুটে আসেন পঞ্চাঙ্গারীরা। তখনই ঝোপের মধ্যে ওই নাবালিকাকে ফেলে পালিয়ে যায় ওই দুই যুবক। ঝোপের মধ্যে থেকে নাবালিকাকে উদ্ধার করে পঞ্চাঙ্গারীরা। পুরো বিষয়টি দুবরাজপুর থানায় জানিয়েছে ওই নাবালিকা। মামলা দায়ের করে তদন্ত শুরু করেছে পুলিশ। মরিচ এবং খনও পর্যাপ্ত অভিব্যক্তি দুই যুবকের সন্ধান পাওয়া যায়নি। তদন্ত চলছে পুলিশ।

ভারতীয় আন্তর্জাতিক চলচ্চিত্র উৎসবে ভারতীয় সিনেমার চার আইকনের শতবর্ষ পূর্তি উদযাপন করা হবে

রাজ কাপুর, তপন সিনহা, আক্বিনেই নাগেশ্বর রাও এবং মহম্মদ রফির সংরক্ষিত কাজ এই বছর সামনে আসছে

নয়াদিল্লি, ৫ নভেম্বর, ২০২৪: ভারতীয় সিনেমাকে বহুমুখী চিত্রকর্মরূপ দিয়েছেন, এমন চার কিংবদন্তী চলচ্চিত্র ব্যক্তিত্বকে ৫৫-তম ভারতীয় আন্তর্জাতিক চলচ্চিত্র উৎসবে (আইএফএফআই)সম্মান জ্ঞাপন করা হবে। চলচ্চিত্র প্রদর্শন, আলোচনা সভা প্রভৃতির মাধ্যমে এই বছর চলচ্চিত্র উৎসবে রাজ কাপুর, তপন সিনহা, আক্বিনেই নাগেশ্বর রাও এবং মহম্মদ রফিরে শ্রদ্ধা জানানো হবে। চলচ্চিত্রের ক্ষেত্রে এদের অবদান সম্পর্কে জানতে পারবেন আগত প্রতিনিধিরা। চিরকালীন ধ্রুপদী চলচ্চিত্রগুলির স ং ব . ক্ষ - ণ এনএফডিসি-এনএফএআই: এই চার কিংবদন্তীকে বিশেষ সম্মান জানাতে এঁদের চিরকালীন ধ্রুপদী চলচ্চিত্রগুলি এবারের চলচ্চিত্র উৎসবে দেখানো হবে। এগুলি সংরক্ষণ করে দেবে এনএফডিসি-এনএফএআই। দর্শকরা ভারতীয় সিনেমার সব থেকে বিখ্যাত কয়েকটি নিদর্শন দেখার সুযোগ পাবেন। পুনরুদ্ধার করা এই প্রিন্টগুলিতে তাঁরা সেই জীকজমক ও শৈল্পিক অনুভূতির স্বাদ পাবেন। ডিজিটাল পদ্ধতিতে পুনরুদ্ধার করা রাজ কাপুরের আওয়ার সিনেমায় দর্শকরা সেই উজ্জ্বল, রসিকতা ও সহানুভূতির স্পর্শ পাবেন, যা রাজ কাপুর সাধারণ মানুষের জীবনে এনে দিয়েছিলেন। বিভিন্ন সামাজিক সমস্যাকে তিনি যে রকম গভীরতা ও সংবেদনশীলতার সঙ্গে সিনেমায় তুলে ধরেছিলেন, এই পুনরুদ্ধার তারই উদ্যোগ। তপন সিনহার ধ্রুপদী ছবি হারমোনিয়াম এই উৎসবে দেখানো হবে। দর্শকরা তপন সিনহার অননুক্রমণীয় গল্প বলায় দক্ষতার সঙ্গে পরিচিত হবেন। তাঁর শিল্প চেতনা এবং চলচ্চিত্র ভাবনার উজ্জ্বল নিদর্শন হল হারমোনিয়াম। দেখানো হবে আক্বিনেই নাগেশ্বর রাওয়ের যুগান্তকারী ছবি দেবদাস-পুনরুদ্ধার করা সংস্করণ। সিনহার অননুক্রমণীয় গল্প বলায় দক্ষতার সঙ্গে পরিচিত হবেন। তাঁর শিল্প চেতনা এবং মহম্মদ রফির ব্যক্তিগত সামগ্রী, ছবি এবং একটি সক্রান্ত কার্যক্রম নিয়ে বিশেষ দ্বিভাষিক প্রচারপত্র প্রকাশ করা হবে। একগুচ্ছ গান রাজ কাপুর ও মহম্মদ রফির সঙ্গে জড়িত ১৫০টি গান এবং তপন সিনহা ও এনআআর-এর সঙ্গে ৭৫টি গান প্রকাশ করা হবে। এতে ২৮ সেক্টরের 'মাইসুরু' নামের বিভাগ (মুভা) এর জমি রেআইনি ভাবে বিলি করার অভিযোগে সিদ্ধারামাইয়া, তাঁর স্ত্রী পার্বতী, শ্যালক মল্লিকার্জুন 'স্বামী' এবং দেবরাজ নামে এক ব্যক্তির বিরুদ্ধে এফআইআর দায়ের করেছিল তাঁদের চিরনবী সৃষ্টির মাধ্যমে আজও বিশ্বজুড়ে সিনেমার আনন্দ ছড়িয়ে দিচ্ছেন, অনুপ্রেরণা জোগাচ্ছেন, এই উৎসব তাঁদের শ্রদ্ধাজ্ঞাপনেরও এক মাধ্যম।

বৃষ্টির সঙ্গে শিলাবৃষ্টি, আবহাওয়ার আমূল পরিবর্তন উত্তরাঞ্চলের বাঘেশ্বরে

বাঘেশ্বর, ৫ নভেম্বর (হি.স.): আবহাওয়ার আমূল পরিবর্তনের সাক্ষী হল উত্তরাঞ্চলের বাঘেশ্বর জেলা। মঙ্গলবার সকালে বাঘেশ্বর জেলার কাপকোট বৃষ্টি ও সন্ধ্যা শিলাবৃষ্টি হয়েছে। স্বাভাবিকভাবেই বদলে গিয়েছে আবহাওয়া। সকাল থেকেই শীতের আমেজ কাপকোটে। পাহাড়ে বৃষ্টির সৌজন্যে সমতলও ঠান্ডা হয়েছে অনেকটা। ইব্রাহিম বিদায়ের পরও উত্তরাঞ্চলের তিনটি জেলা, যথাক্রমে চামোলি, বাঘেশ্বর এবং পিথোরগড়-এ হালকা বৃষ্টির পূর্বাভাস জারি করেছে আবহাওয়া দফতর। রাজ্যের বাকি অংশের আবহাওয়া মূলত শুষ্ক থাকবে। আবহাওয়া কেন্দ্রের পরিচালক বিক্রম সিং বলেছেন, বৃষ্টিপাতের অভাবে তাপমাত্রা উর্ধ্বমুখী। তবে, এবার বৃষ্টির সৌজন্যে তাপমাত্রা হ্রাসের সম্ভাবনা রয়েছে।

আগামীকাল লোকযুক্তের মুখোমুখি হবেন, জানিয়ে দিলেন সিদ্ধারামাইয়া

বেদালুর্, ৫ নভেম্বর (হি.স.): জমি বর্ধনে দুর্নীতির অভিযোগে কনিটকের মুখ্যমন্ত্রী তথা কংগ্রেস নেতা সিদ্ধারামাইয়াকে তলব করেছে কনিটকের লোকযুক্ত পুলিশ। ৬ নভেম্বর (বুধবার) জিজ্ঞাসাবাদের জন্য লোকযুক্ত পুলিশের দফতরে হাজির হতে তাঁকে সমন পাঠানো হয়েছে। আর বুধবার তিনি লোকযুক্তের মুখোমুখি হবেন বলে মঙ্গলবার জানালেন সিদ্ধারামাইয়া। এদিন সাংবাদিকদের প্রশ্নের উত্তরে সিদ্ধারামাইয়া বলেন, 'আগামীকাল সকাল দশটার আমি যাচ্ছি।' গত ২৮ সেপ্টেম্বর 'মাইসুরু' নামের বিভাগ (মুভা) এর জমি রেআইনি ভাবে বিলি করার অভিযোগে সিদ্ধারামাইয়া, তাঁর স্ত্রী পার্বতী, শ্যালক মল্লিকার্জুন 'স্বামী' এবং দেবরাজ নামে এক ব্যক্তির বিরুদ্ধে এফআইআর দায়ের করেছিল তাঁদের চিরনবী সৃষ্টির মাধ্যমে আজও বিশ্বজুড়ে সিনেমার আনন্দ ছড়িয়ে দিচ্ছেন, অনুপ্রেরণা জোগাচ্ছেন, এই উৎসব তাঁদের শ্রদ্ধাজ্ঞাপনেরও এক মাধ্যম।

১৩ নভেম্বর হাড়োয়ায় উপনির্বাচন, ক্যাম্প করে নাকা চেকিং কেন্দ্রীয় বাহিনীর

উত্তর ২৪ পরগণা, ৫ নভেম্বর (হি.স.): খুব বেশি দিন আর বাকি নেই, আগামী ১৩ নভেম্বর উত্তর ২৪ পরগণার হাড়োয়া বিধানসভা কেন্দ্রের উপনির্বাচন। আর এই উপনির্বাচনের আগে ইতিমধ্যে হাড়োয়ায় পাঁচ কোম্পানির কেন্দ্রীয় বাহিনী পৌঁছেছে। নির্বাচনের সময় কুইক রেসপন্স টিম (কিউআরটি) ফোর্স হিসাবে আরও এক কোম্পানির কেন্দ্রীয় বাহিনী আসবে। যে পাঁচ কোম্পানির কেন্দ্রীয় বাহিনী ইতিমধ্যে হাড়োয়া থানায় চলে এসেছে সেই সমস্ত কেন্দ্রীয় বাহিনীদের নিয়ে হাড়োয়ার বিভিন্ন জায়গায় রীতিমতো ক্যাম্প করে নাকা চেকিং চালানো হচ্ছে। হাড়োয়ার বিদ্যার্থী সেফ্, মোটা আইল, শংকরপুর-সহ বিভিন্ন জায়গায় ক্যাম্প করে দিনে-রাত্রে চলছে নাকা চেকিং। সারাক্ষণই ছোট-বড় সমস্ত গাড়ি দাঁড় করিয়ে

নির্বাহিত নিবেদন
Re:- Kalamchoura PS Case No-0৩৪/২০২৪, Dated:- ২৩-১০-২০২৪ U/S-১৪০(৩)(৫) of BNS
উপরিউক্ত ছবিটি ক্রিপসী দাস, বয়স-১৯ বছর, পিসা-শ্রীহরী দাস,সং-মানিকনগর থানা-কলমচৌরা, সিপাহীজলা ট্রিপুয়া, উত্তর ২৪-পা-কালো, মুখবন্ধ-ডিকিউটি, ফুটনে মীল হা এর পাশোয়ার আফসংকং গোলাপি রং এর ওরলা। উক্ত মোটো গর ২২-১০-২০২৪ ইং তারিখ হইতে নিবেদন।
উপরিউক্ত নির্বাহিত ব্যক্তিটি সংশ্লিষ্ট ক্ষেত্রে কোনো ধরনের পরিষেবা বা সম্মান পাইলে অস্বীকার করে নিবন্ধিত থানা বা নির্বাহিত তিরকানা বা বর্তমান নামের যোগাযোগ করিবেন।
৪ যোগাযোগের তিরকানা :- পুলিশ সুপার সিপাহীজলা, ট্রিপুয়া- ৬০০৯২২০৩০৩৮
দুরভাষ নম্বর :- ৯০০৫০১৯১৯১ (এস.পি, ডি.আই.বি সিপাহীজলা) ICA/D-1198/24

PRESS NOTICE INVITING e-TENDER NO: e-P/T-14/EE/RD/TLM-DIV/2024-25, dt.02.11.2024.
The Executive Engineer, R.D. Teliamura Division, Khowai Tripura invites online percentage rate e-tender in two bid System in Tripura PWD Form No. 7 from the eligible bidders up to 3.00 P.M on 13/11/2024 for 04(Four) Nos. Internal Electrical works. For details visit website- <https://tripuratenders.gov.in> and contact 03825-262095/8731074766. Any subsequent corrigendum will be available in the website only. ICAC/2288/24

Sd//Illegible Executive Engineer R.D. Teliamura Division Teliamura, Khowai Tripura

NOTICE INVITING TENDER (NIT) PNIT No.: 15/EE/PWD(R&B)/STB/2024-25 dated:- 22-10-2024
The Executive Engineer, PWD(R&B) Santirbazar Division, Santirbazar South Tripura on behalf of the 'Governor of Tripura', invites online percentage rate e-tender for the following work:
Name of work:-
1) Periodical Renewal of completed PMGSY road T02(Ashram para) to Chungnung para (LINK no L031) Length= 12.220 (K.M) during the year 2023-24 Under Suvarna Jayanti Tripura Nirman Yojana (SJTNY) /SH- WBM- III, Carpeting Re-carpeting, Repairs of potholes, seal coat sand Seal coat etc. (3rd Call). Estimated Cost:- Rs. 65,31,053.00 Bid Fee: Rs. 4000.00
Last date & time for online Bidding: 11-11-2024 up to 3:00 PM
Note: The bid forms and other details including online activities should be done in the e-procurement portal <https://tripuratenders.gov.in> ICAC/2291/24

NOTICE INVITING TENDER (NIT) NO: 20/EE/Divn.III/PWD(R&B)/2024-25, Dt 04.11.2024 Tripura PWD Form - 6
The Executive Engineer, Agartala Division No.III, PWD(R&B), Agartala, Tripura West on behalf of the 'Governor of Tripura', invites online percentage rate e-tender in single bid system from the eligible Central & State public sector undertaking/enterprise and eligible Contractors/ Firms/ Private Ltd. Firm /Agencies of Appropriate Class registered with PWD/TTAADC/MES/CPWD/ Railway/Govt Organization of their State & Central for the following work:-

Sl. No.	DINT NO. OF THE WORK	ESTIMATED COST	EARNEST MONEY	TIME FOR COMPLETION	LAST DATE AND TIME FOR DOCUMENT DOWNLOADING AND BIDDING	TIME AND DATE OF OPENING OF BID
1	85/SE-II/PWD(R&B)/2024-25	₹47,06,394.00	₹94,128.00	90 Days	Up to 3.00 P.M. On 20.11.2024	At 4.00 P.M. on 20.11.2024 (If Possible)

Notes:-
1. All the above-mentioned online activities should be done in the e-procurement portal <https://tripuratenders.gov.in>
2. All the above-mentioned date & time are as per server clock date & time of e-procurement portal <https://tripuratenders.gov.in> ICAC/2282/24

For and on behalf of the Governor of Tripura. (Er. M. Debnath) Executive Engineer Agartala Division No.III, PWD(R&B) Agartala, West Tripura.

হরেকরকম

হরেকরকম

হরেকরকম

বাড়িতেই অল্প উপকরণ দিয়েই বানিয়ে ফেলুন মুখরোচক ফ্রায়েড চিকেন

বর্ষাকাল মানে বিকেল হতেই ভাজাভুজি খেতে মন চায়। চায়ের সঙ্গে “টা” মানেই তো বাইরের চপ, শিঙাড়া কিংবা কাটলেট। বাড়ির খুদেদের আবার রেস্টুরাঁর মতো ফ্রায়েড চিকেনের দিকে ঝোঁক বেশি। তবে রোজ রোজ বাইরে থেকে আনা ফ্রায়েড চিকেন খাওয়া মোটেও স্বাস্থ্যকর নয়। এ বার দোকানের স্বাদ সহজেই আনুন বাড়ির হেঁশেলে। খুব সহজ কটা ধাপেই তা সম্ভব। দেখে নিন রেসিপি। আর বাড়িতেই বানিয়ে ফেলুন হুবহু রেস্টুরাঁর স্বাদের ফ্রায়েড চিকেন।

উপকরণ: ৪টি চিকেন লেগ পিস, ১ টেবিল চামচ রেড চিলি সস, ১ টেবিল চামচ সয়া সস, স্বাদ মতো নুন, ১ টেবিল চামচ আদা-রসুন বাটা, ১টি লেবুর রস, ১টি ডিম, ১ কাপ ময়দা, ১ টেবিল চামচ লঙ্কার গুঁড়ো, ১ চা



চামচ আদা-রসুন পাউডার, ১ চা চামচ সাদা গোলমরিচের গুঁড়ো।
প্রণালী: চিকেন লেগ পিসগুলি একটি বড় পাত্রে নিয়ে তার সঙ্গে নুন, রেড চিলি সস সয়া সস আদা-রসুন বাটা, লেবুর রস ও ডিম ভাল করে মেখে নিন। মিশ্রণটি ঘন্টাখানেক ফ্রিজে রেখে দিন। এ বার আর একটি

ঘি খেয়েও রোগা হওয়া যায়

ঘি খেতে ভালবাসেন কিন্তু খেতে পারেন না শুধু ওজন বেড়ে যাওয়ার ভয়ে। রোগা হওয়ার জন্য এর চেয়েও বড় বড় ত্যাগ স্বীকার করতে হয়। কষ্ট করলে তবেই যে কেউ মেলে, তা কে না জানে! তবে ওজন ঝরানোর জন্য ঘি খাওয়া বন্ধ করার দরকার নেই। ঘি খেয়েও রোগা হওয়া যায়। তার মানে রোজ সেরে ভাতে ঘি মেখে খেয়েও ছিপছিপে থাকবেন, এমন আশা করা ঠিক নয়।

তা হলে উপায়? কী ভাবে খেতে পারেন? টোস্টের সঙ্গে- টোস্টে মাখনের বদলে ঘি মাখিয়ে খেতে পারেন। তবে রোজ নয়। মাঝেমাঝে জলখাবারে ঘি মাখানো টোস্ট

থাকতেই পারে। হাত খুলে ঘি না মাখালেই ভাল। সপ্তাহে ১-২ দিন পরিমাণ মতো ঘি খাওয়া যায়। ঘি ভাত- সরাসরি ভাতে ঘি মেখে না খেয়ে বরং ঘি ভাত বানিয়ে খেতে পারেন। গাজর, বিঙ্গ, কাঁপদিকাম দিয়ে যে ফ্রায়েড রাইস বানালেন তাতে অল্প করে গাওয়া ঘি মিশিয়ে নিন। খেতেও ভাললাগবে, আবার ওজন থাকবে নিয়ন্ত্রণে।

বেকিং- কেক বানানোর জন্য ডিসেম্বর পরাট অপেক্ষা করার দরকার নেই, তার আগেই বানাতে পারেন। বেকিং-এর সময় খানিকটা ঘি দিতে পারেন। স্বাদ লেগে থাকবে মুখে। আবার ঘি খাওয়াও হল।



কফি দিয়ে রকমারি পদে স্বাদ ও গন্ধ বৃদ্ধি করা যায়

শীতের দিনে এক কাপ ধুমায়িত কফি কিংবা গরমে বরফ মেশানো ঠাণ্ডা কফি, এক চুমুকেই শরীর ও মন জুড়িয়ে যায়। স্নায়ুকে চাপা করতে, মেদ ঝরাতে, মানসিক ক্লান্তি দূর করতে কফির জুড়ি মেলা ভার। তবে কফি বলতে আমরা বুঝি পানীয়, যা ঠাণ্ডা বা গরম দু’ভাবেই খাওয়া যায়। কিন্তু রকমারি পদও কফির গুণে সুস্বাদু হয়ে উঠতে পারে। কী ভাবে কোন খাবারে মেশাবেন কফি?

সুদী- গুট দিয়ে তৈরি সুদী যদি একঘেয়ে লাগে, তা হলে স্বাদ বদলে ব্যবহার করতে পারেন কফি। গুটের সঙ্গে দুধ, রকমারি ফল ও বাদাম মিশিয়ে সুদী তৈরির সময় মিশিয়ে দিন এক চামচ কফি। তা হলেই সুদীতে মিশবে কফির স্বাদ, জুড়বে পুষ্টিগুণও।

প্যানকেক- ময়দা, দুধ ও ডিমের মিশ্রণ দিয়ে প্যানকেক তৈরি হয়। এই মিশ্রণে কিছুটা কালো কফি ও কিছুটা কফির গুঁড়ো মিশিয়ে দিতে পারেন। সমস্ত উপকরণ মিশিয়ে প্যানকেক তৈরি করে নিলেই



তাতে বেশ কফির গন্ধ পাওয়া যাবে। অনেকের ডিমের গন্ধ লাগে, কফি মেশালে সেই গন্ধও ঢাকা পড়ে যাবে।

ফ্রেঞ্চ টোস্ট- দুধ, ডিমের মিশ্রণে পাউরুটি ডুবিয়ে ফ্রেঞ্চ টোস্ট করা হয়। গুঁই মিশ্রণে যদি কিছুটা কালো কফি বানিয়ে মিশিয়ে দেওয়া যায়, তা হলে পাউরুটির মধ্যে কফির গন্ধ ও স্বাদ মিশবে। বেশ অন্য রকম স্বাদ পাওয়া যাবে। কফি-প্রেমী হলে মন্দ লাগবে না।

কাপ কেক- বাড়িতে কাপ কেক বানানোর সময় মিশ্রণে যদি কফির

আপনার বাড়ির জলই চুল পড়ার কারণ নয় তো?

রাস্তার ধুলো-খোঁয়া, দুধগ তো আছেই, খাওয়াগাওয়ায় অনিয়মও চুল পড়ার অন্যতম কারণ। তবে কারণ আরও আছে। ভাল করে ভেবে দেখুন তো, আপনার বাড়ির জলই চুল পড়ার কারণ হয়ে উঠছে কি না? জলে যদি আয়রন বেশি থাকে তা হলে চুল পড়তে বাধ্য। বাড়ির কলের জল যদি “হাড” বা খনিজ সমৃদ্ধ হয়, তা হলে তো চুল পড়বেই। কারণ এই জলে ক্যালশিয়াম ও ম্যাগনেশিয়ামের মাত্রাও বেশি থাকে যা চুলের গোড়ায় জমে থেকে গোড়া আলগা করে দেয়। এমন জল দিয়ে রোজ মাথা ধুলে বুঝতে পারবেন, চুল রক্ষণ ও নিজীবি হয়ে যাচ্ছে। মাথায় হাত দিলেই গোছা গোছা চুল উঠবে। চুলে জটও পড়বে বেশি।

এই সমস্যার সমাধান করতে হলে “ওয়াটার সফনার” লাগানোর ব্যবস্থা করুন। দাম বেশি পড়তে পারে, কিন্তু এই মেশিনে এমন ফিল্টার থাকে যা জলের ময়লা ও খনিজ উপাদানগুলিকে ছেঁকে



নিয়ে জল বিশুদ্ধ করতে পারে। কল বা শাওয়ারের মুখে এই ফিল্টার লাগিয়ে নিলে আর কোনও সমস্যা থাকবে না। তবে ফিল্টার মাঝেমাঝে পরিষ্কার করতে হবে না হলে আয়রন বা খনিজের স্তর জমা হতে হতে কল বা শাওয়ারের মুখ বন্ধ হয়ে যাবে। জলে অতিরিক্ত ক্লোরিন থাকলেও চুলের বারোটা বেজে যাবে। ক্লোরিন এমনিতে জল পরিশুদ্ধ করে। কিন্তু অতিরিক্ত ক্লোরিন চুলের ক্ষতি করে। তাই যারা সুইমিং পুলে সাঁতার কাটেন, তাঁরা সতর্ক থাকতে হবে। শাওয়ার ক্যাপ পরে তবেই সাঁতার

এখন হাঁটুর ব্যথা বয়স দেখে হয় না

ব্যথা-বেদনা এখন আর বয়স মেনে হয় না। বিশেষ করে আর্থ্রাইটিসের মতো সমস্যা যে কোনও বয়সে এসে হানা দিতে পারে। তা ছাড়া রোজের জীবনে যে একটানা অনিয়ম চলে, তার প্রভাব পড়ে জীবনে। দীর্ঘক্ষণ এক জায়গায় বসে থেকে পেশিগুলি শক্ত হয়ে যায়। সেখান থেকেই ব্যথা-বেদনার সূত্রপাত। আর বয়স বাতলে সেটাই ভয়ঙ্কর হয়ে ওঠে। হাঁটুতে ব্যথা হলে অনেক কিছুই খাওয়া বারণ হয়ে যায়। পঁঠার মাংস, রঙিন পানীয়ের মতো অনেক খাবারই খাওয়া যায় না। হাঁটুতে ব্যথার সমস্যা কমাতে একটি পানীয়ের খোঁজ দিয়েছেন

পুষ্টিবিদেরা। খাদ্যতালিকায় এই পানীয় বা সুদী রাখলে উপকার পাবেন দ্রুত। ভাবছেন তো কী ভাবে বানাবেন সেই জাদু পানীয়? রইল প্রণালী।

উপকরণ: পালংশাক এক কাপ, ব্রবেরি এক কাপ, গ্রিন ইয়োগার্ট অধিক, বরফ এবং ঠাণ্ডা জল প্রয়োজন মতো।

প্রণালী: এই উপকরণগুলি একসঙ্গে মিশ্রিত করে ঘুরিয়ে নিন। মিশ্রণটি ঘন হয়ে এলেই গ্লাসে ঢেলে চুমুক দিন। রোজ না হলেও এক দিন অন্তর এটি খেতে পারেন। আর্থ্রাইটিসের সমস্যা কিছুটা হলেও নিয়ন্ত্রণে থাকবে।



তৈতুল ফেলে না দিয়ে কী ভাবে ঘরোয়া কাজে ব্যবহার করবেন?

বিভিন্ন প্রকার চাট হোক কিংবা ফুচকা মুখরোচক খাবারের স্বাদ বৃদ্ধি করতে তৈতুলের কোনও জবাব নেই। তৈতুল দিয়ে কোনও পদ বানাবেন বলে বাজার থেকে কিনে আনলেন বাটে, কিন্তু সবটা ব্যবহার না হলে দীর্ঘ দিন সেটি ফ্রিজেই পড়ে থাকে। কেবল রান্নাতেই নয়, বাড়ির আরও বিভিন্ন কাজে কিন্তু কাজে লাগাতে পারেন তৈতুল।

জেনে নিন, বাড়িতে তৈতুল থাকলে কোন কোন কাজ সহজেই সেরে ফেলতে পারেন।

১) বাসন চকচক করতে তৈতুল কিন্তু বেশ কাজের। লেবু ও ভিনিগারের মতো তৈতুলের আ্যিসডিক গুণ স্টিল কিংবা পিতলের বাসন পরিষ্কার করতে কাজে আসে। অনেক সময় বাসনের তেল চিটচিটে ভাব কিছুতেই যেতে চায় না, তৈতুলের সাহায্যে সেই সমস্যারও সমাধান সম্ভব।

২) হেঁশেলে মাছির উপদ্রব বেড়েছে? এক টুকরো তৈতুলে কিন্তু মুশকিল আসান হতে পারে। তৈতুলের আ্যিসডিক গুণ ও গন্ধ



পোকামাকড় তাড়াতে উপকারী। হেঁশেলে কিংবা বাগানে পোকা তাড়াতে তৈতুল কাজে লাগাতে পারেন।

৩) সাবানের বিকল্প হিসাবেও কিন্তু তৈতুল কাজে লাগাতে পারেন। ত্বকের জন্য বেশ উপকারী হেঁশেলের এই উপাদান। জীবাণু ও ভাইরাসের আক্রমণ থেকে ত্বককে রক্ষা করতে পারে তৈতুল।

৪) কম খরচের ত্বক উজ্জ্বল করতে চাইলে ব্যবহার করতে পারেন তৈতুল। তৈতুলে ফসফরাস, অ্যামিনো অ্যাসিড, ম্যাগনেশিয়াম ইত্যাদি মিনারেল রয়েছে যা ত্বকের

ডিজিটাল প্রযুক্তিতে সড়গড় করে তুলুন বাড়ির বয়স্কদের

অনলাইনে কাজকর্ম, ই-ব্যাঙ্কিং ইত্যাদিতে এখনও ভয় পান অনেক বয়স্করাই। ব্যাঙ্কের পাসবই আপডেট থেকে শুরু করে, টাকা ট্রান্সফার বা ইলেকট্রিকের বিল জমা দেওয়া... আপনি সব কাজই যথাস্থানে গিয়ে করতে ভালবাসেন। কিন্তু বাদ সাধে তাঁদের শারীরিক অবস্থা। কর্মসূত্রে ছেলেমেয়েরা হয়তো দূরে, বাড়িতে বয়স্ক দম্পতি একাই থাকেন, তখন ডিজিটাল প্রযুক্তির খুঁটিনাটি শিখে রাখলে অনেক সুবিধা হয়।

ছোট স্মার্টফোনের স্ক্রিন ছুঁয়ে বা কম্পিউটারের কি-বোর্ডের বোতাম চেপেই এক নিমেষে সেরে ফেলা যায় হাজারো কাজ। কী ভাবে বাড়ির বয়স্কদের ডিজিটাল প্রযুক্তির পাঠ দেবেন? সাইবার দুনিয়ার কোনটি ঠিক আর কোনটি ভুল, তা-ও শেখাতে হবে ধৈর্য ধরেই।

কী কী বোঝাবেন? ১) অনলাইন অ্যাপে কী ভাবে টাকাপয়সার লেনদেন করা যায়, তা শিখিয়ে দিন। বলতে ভুলবেন না, বেশির ভাগ অ্যাপই কিন্তু লেনদেনের সময় কার্ডের খুঁটিনাটি সেভ করে রাখার অপশন দেয়। এটি এড়িয়ে চলাই

ভাল। একটু সময় লাগলেও প্রত্যেক বার লেনদেনের সময় নতুন করে কার্ডের বিস্তারিত দিয়ে লেনদেন করতে শেখান। ২) কম্পিউটারে অ্যান্টিভাইরাস সফওয়্যার ইনস্টল করে দিন। মোবাইলেই হোক কিংবা কম্পিউটার বা ল্যাপটপে, লেনদেনের অ্যাপ যেন সুরক্ষিত থাকে তা শিখিয়ে দিন। কোনও অচেনা অ্যাপ ব্যবহার না করাই ভাল। ৩) নিজের এটিএম পিন, ব্যাঙ্কের এমপিন কাউকেই জানাবেন না। ব্যাঙ্ক অ্যাপের পাসওয়ার্ড কয়েক দিন ছাড়া-ছাড়া বদলে দিন। লেনদেনের সময় সবসময়ে গুটিপি বা ওয়ান টাইম পাসওয়ার্ড চাইছে কি না, দেখে নিন। ৪) অজানা নম্বর থেকে কোনও লিঙ্ক এলে বা ইমেল করা হলে তা একেবারেই খুলে দেখবেন না। জানবেন এগুলি সবই নিয়ন্ত্রণ করছে হ্যাকারেরা। যে মুহূর্তে আপনি লিঙ্ক খুলবেন লেনদেন করা যাবে, তা শিখিয়ে দিন। প্রতারকদের পাঠানো কোনও ফর্ম ভরে টাকা দিতে যাবেন, সেই মুহূর্তে আপনার নাম, ঠিকানা, ব্যাঙ্কের বিস্তারিত বিবরণী হ্যাকারদের কাছে পৌঁছে যাবে।

ভাঙা কফি কাপ ফেলে না দিয়ে সাজিয়ে তুলুন বাড়ি

শাখের কফি মগ হাত থেকে পড়ে গিয়ে ভেঙে চৌচির। পছন্দের জিনিস ভেঙে গেলে কার না মনখারাপ হয়! আঠা দিয়ে সেই কাপ যদি জোড়াও যায়, তাতে আর কফি নিয়ে চুমুক দেওয়া সম্ভব নয়। কারণ, ফাটা কাপে খাওয়া স্বাস্থ্যকর নয়। খুব সামান্য চিড় ধরলেও, তাতে বাসা বঁধতে পারে জীবাণু। তবে শাখের জিনিসটি ফেলে না দিয়ে, নানা ভাবে তা দিয়ে ঘর সাজিয়ে নিতে পারেন।


টব- ঘরে সবুজের ছোঁয়া বেশ লাগে। মানি প্ল্যান্ট, জেড প্ল্যান্ট-সহ যে গাছগুলি অল্প পরিচরিতই বেড়ে উঠতে পারে, তেমন কোনও গাছ ওই ভাঙা কফি কাপ জুড়ে নিয়ে টব বানিয়ে বসিয়ে ফেলুন। তার পর কাজ করার টেবিলে বা বারান্দার একফালি ঝাণ্ডা মগ সমেত গাছটি সাজিয়ে রাখতে পারেন।

মোমাদানি- ভাঙা মগ দিয়েও হতে পারে মোমাদানি। চাইলে অবশ্য কাপের গায়ে রং করে নিতে পারেন। পাটের সূতা আঠা দিয়ে মগের গায়ে পেঁচিয়ে তার উপর কোনও কৃত্রিম ফুল লাগিয়ে



রং দিয়ে কফি মগের গায়ে লিখতে পারেন মজার কোনও বাক্য বা অনুপ্রেরণামূলক উক্তি। তার পর সেই কফি মগটি খুদের পড়ার টেবিলে বা নিজের কাজের টেবিলে পেনদানি হিসাবে ব্যবহার করতে পারেন।

একশা- ভেঙে গিয়ে থাকে, তবে সেটিকে না জুড়িয়ে মোমাদানি করে ফেলতে পারেন। সে ক্ষেত্রে মোমাদানির দৈর্ঘ্য কমিয়ে দিলেই হবে। ফাটা অংশ দিয়ে আলো দেখাতে অন্য রকম লাগবে।



রাজ্যে খেলাধুলার মান উন্নয়নে খুবই আন্তরিকভাবে কাজ করছে বর্তমান সরকার

সোনামুড়ায় মরহুম আয়েত আলি ফুটবল টুর্নামেন্টের ফাইনাল ম্যাচে মুখ্যমন্ত্রী



নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ৫ নভেম্বর। রাজ্যে খেলাধুলার মান উন্নয়নে খুবই আন্তরিকভাবে কাজ করছে বর্তমান সরকার। ক্রীড়া ক্ষেত্রে ত্রিপুরার ছেলোয়েদেরা এখন জাতীয় ও আন্তর্জাতিক স্তরে সাফল্য অর্জন করছে। সরকার চাইছে ক্রীড়া ক্ষেত্রে পরিকাঠামো উন্নয়নের মাধ্যমে তাদের দক্ষতা আরো বৃদ্ধি করতে।

মঙ্গলবার সন্ধ্যা রাতে সিপাহীজলা জেলার সোনামুড়া স্পোর্টিং এসোসিয়েশন মাঠে আয়োজিত মরহুম আয়েত আলি ফুটবল টুর্নামেন্টের ফাইনাল ম্যাচে অংশগ্রহণ করে একথা বলেন মুখ্যমন্ত্রী প্রফেসর ডাঃ মানিক সাহা।

মুখ্যমন্ত্রী ডাঃ সাহা বলেন, আমি আজ সোনামুড়াতে এসে সত্যি আনন্দিত। এই ফাইনাল ম্যাচ দেখার জন্য অপেক্ষিত মানুষ এখানে এসেছেন। দেশের মধ্যে এটা সুপ্রতিষ্ঠিত যে ত্রিপুরা একটা সুস্থির রাজ্য। যেখানে আইন শৃঙ্খলা ব্যবস্থা খুবই সুন্দরভাবে আমরা বজায় রেখেছি। এর প্রতিফলন আজকের এই ম্যাচে বহু মানুষের উপস্থিতিতে প্রত্যক্ষ হয়েছে। জাতি জনজাতি সহ বিভিন্ন ধর্মের মিশ্র সংস্কৃতির এই রাজ্যকে সবাই মিলে আমরা এক ত্রিপুরা শ্রেষ্ঠ ত্রিপুরা হিসেবে গড়ে তুলবো।

মুখ্যমন্ত্রী আরো বলেন, বাঙালির শ্রেষ্ঠ খেলাই হচ্ছে ফুটবল। আমরা আজকেও সেটা দেখতে পাচ্ছি। অন্যান্য খেলার সঙ্গে ফুটবলের তুলনা হয় না। ফুটবলের মধ্যে একটা আলাদা আনন্দ ও অনুভূতি পাওয়া যায়। জীবনযাত্রার মধ্যেও ফুটবলের একটা প্রভাব থেকে যায়। হার জিতের মাধ্যমেও আনন্দ উল্লাস ফুটবলের মাধ্যমে পরিলক্ষিত হয়। ডাঃ সাহা বলেন, রাজ্য সরকার আন্তরিকভাবে চাইছে ত্রিপুরায় খেলাধুলার আরো উন্নয়ন হোক। সারা রাজ্যে ইতিমধ্যে ৭টি সিঙ্গেল ফুটবল মাঠ নির্মাণ করা হয়েছে। রাজ্যের আরো কয়েকটি

জায়গায় উন্নয়নের ফুটবল মাঠ তৈরি করার জন্য যুগ বিয়ক ও ক্রীড়া দপ্তরের পক্ষ থেকে উদ্যোগ নেওয়া হয়েছে। খেলাধুলার সঙ্গে যুক্তদের আরো কিভাবে সামনের দিকে এগিয়ে নেওয়া যায় এজন্য মুখ্যমন্ত্রীর নামাঙ্কিত অনেক স্কিম করা হয়েছে। তাদেরকে যথাযথ সহায়তা প্রদানের উদ্যোগ নেওয়া হয়েছে। আমাদের ছেলোয়েদের মধ্যে মেধার কোন অভাব নেই। আমরা শুধু চাই তাদেরকে উন্নত মানের পরিকাঠামোর ব্যবস্থা করে দেওয়ার। তাদের উপযুক্ত প্রশিক্ষণ দিতে পারলে শুধু জাতীয় স্তরে নয়, আন্তর্জাতিক স্তরেও তারা নাম করতে পারবে। আর আমাদের ছেলোয়েদেরা এখন জাতীয় ও আন্তর্জাতিক স্তরেও ত্রিপুরার নাম গৌরবান্বিত করছে।

ফাইনাল ম্যাচের উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন সোনামুড়া নগর পঞ্চায়েতের চেয়ারপার্সন সারদা চক্রবর্তী, ভাইস চেয়ারপার্সন শাহজাহান মিঞা, সোনামুড়া ক্রিকেট এসোসিয়েশনের সভাপতি বিশ্বজিত দাস, সোনামুড়া স্পোর্টিং এসোসিয়েশনের সম্পাদক বৃন্দা রায়, ইয়ুথ প্রোগ্রাম অফিসার মধুসূদন দেববর্মী, সমাজসেবী দেববর্তী ভট্টাচার্য্য সহ অন্যান্য জনপ্রতিনিধি ও বিশিষ্ট ব্যক্তিবর্গ।

ক্রীড়া প্রতিনিধি, আগরতলা। প্রাকৃতিক পরিস্থিতির যথেষ্ট অবনতি। অস্তিতপক্ষে এমবিবি স্টেডিয়ামে ক্রিকেট ম্যাচ শুরু হওয়ার প্রেক্ষাপটে। মাঠ প্রস্তুত হলেও আজ মঙ্গলবার বিকেল থেকে বিরতিহীন দীর্ঘক্ষণ ইলিশগুড়ি বৃষ্টিতে মাঠের আউটফিল্ড বিপরীত আচরণ করবে বলে অনুমেয়। স্বাভাবিক কারণে নির্ধারিত সময়ে খেলা শুরু করার বিষয়ে যথেষ্ট সন্দেহ তৈরি হচ্ছে। ওড়িশা ত্রিপুরা ম্যাচ পুরো চার দিন মাঠের কারণে ভেঙে যাওয়ার পর ত্রিপুরা মুম্বাই ম্যাচও কিন্তু শুরুতে এক ঘণ্টা ৪৫ মিনিট দেরিতে শুরু করতে হয়েছিল। এবার বরোদা ত্রিপুরা ম্যাচ কতটা সময় পরে শুরু করতে হয়, সেটা সময়েই বলবে। খেলোয়াড়রাও প্রস্তুত প্রায়। রাজ্য রঞ্জি খেলোয়াড়রা এমবিবি স্টেডিয়ামে মুখ্য কোচ এবং

সহকারী কোচদের পরামর্শ ক্রমে প্রয়োজনীয় প্র্যাকটিস করেছেন। সফরকারী বরোদা দলের খেলোয়াড়রাও যথাসময়ে অনুশীলনে নিয়োজিত ছিলেন। আগামীকাল (বুধবার) থেকে ত্রিপুরা, বরোদার রঞ্জি টফির চার দিনের ম্যাচ শুরু হচ্ছে। এদিকে, ত্রুনালা পাণ্ডিয়ার বরোদা দল আপাতত ৩ ম্যাচের শেষে জয়ের হাটটিকের সুবাদে ১৯ পয়েন্ট নিয়ে এককভাবে পয়েন্ট তালিকার শীর্ষে রয়েছে। ত্রিপুরা রয়েছে তৃতীয় শীর্ষে। তিন ম্যাচ থেকে নয় পয়েন্ট পেয়ে। দুইদলের সম্ভাব্য খেলোয়াড়রা হলো - বরোদা দল: ত্রুনালা পাণ্ডিয়া (অধিনায়ক), বিষ্ণু সোলাঙ্কি, জ্যোতস্নিল সিং, শিবালিক শর্মা, শাশ্বত রাওয়াল, মিতেশ পেটেল (উইকেট রক্ষক), মহেশ পিঠিয়া, ভার্ণি ভাট, অমিত সিং, নিনাদ রাখতা, অভিমন্যু সিং,

কিনিত প্যাটেল, রাজ লিখানি, সৌমি পাণ্ডে, এ বি মোরে। ত্রিপুরা দল: বিক্রম কুমার দাস, জয়নাজোং সিং, শ্রীদাম পাল, তেজস্বী জয়সোলাই, মানদীপ সিং (অধিনায়ক), শরথ শ্রীনিবাস (উইকেট রক্ষক), বিক্রম দেবনাথ, মনিনন্দর মুরাসিং (সহ অধিনায়ক), পারভেজ সুলতান, রানা দত্ত, অজয় সরকার, সন্দীপ সরকার, সৌরভ দাস, জয়দীপ বণিক, শংকর পাল, রজত দে, অভিজিৎ সরকার। উল্লেখ্য, বরোদা প্রথম ম্যাচে মুম্বাইকে ৮৪ রানে, দ্বিতীয় ম্যাচে সার্ভিসেসকে ৬৫ রানে এবং তৃতীয় ম্যাচে ওড়িশাকে ইনিংস সহ ৯৮ রানে পরাজিত করেছে। ত্রিপুরা প্রথম ম্যাচে ওড়িশার সঙ্গে খেলা হয়নি বলে এক পয়েন্ট পেয়েছিল। দ্বিতীয় ম্যাচে মেঘালয়কে ইনিংস সহ ১৭ রানে হারিয়ে বোনাস সহ ৭ পয়েন্ট পেয়েছিল। তৃতীয় ম্যাচে মুম্বাইয়ের সঙ্গে ড্র করেছিল।

খেলা দিল্লির বিরুদ্ধে ৭ নভেম্বর, বৃহস্পতিবার থেকে শুরু হবে। দুদিনের ম্যাচ চলবে ৮ নভেম্বর পর্যন্ত। ৯ নভেম্বর ত্রিপুরা দলের একটি ম্যাচ রয়েছে, ৫৫ ওভারের চতুর্দশ বি দলের বিরুদ্ধে। ১০ ও ১১ নভেম্বর ত্রিপুরা দল পরবর্তী চতুর্দশ ক্রিকেট এসোসিয়েশন। আটটি দলকে নিয়ে আয়োজিত এবারকার টুর্নামেন্ট চলবে ১৭ নভেম্বর পর্যন্ত।

অনূর্ধ্ব ১৬ বালকদের এই ক্রিকেট টুর্নামেন্টে অংশ নিতে ত্রিপুরা দল আজ, মঙ্গলবার চন্ডিগড়ে পৌঁছেছে। ত্রিপুরা দলের প্রথম

মঙ্গলবার প্রথম রাউন্ডের তিনটি ম্যাচ সম্পন্ন হয়েছে। চন্ডিগড় এ দল হিমাচল প্রদেশের বিরুদ্ধে সরাসরি জয় পেয়ে ৬ পয়েন্ট পেয়েছে।

অপর খেলোয়াড় জম্মু-কাশ্মীর ইনিংস সহ মিজোরামকে হারিয়ে বোনাস সহ ৭ পয়েন্ট পেয়ে পুল এ-তে শীর্ষে রয়েছে।

পুল বি-এর একমাত্র খেলোয়াড় পাঞ্জাব ও দিল্লির ম্যাচটি ড্র-তে নিম্নপ্তি হয়েছে। তবে প্রথম ইনিংসে এগিয়ে থাকার সুবাদে পাঞ্জাব ৩ পয়েন্ট পেয়েছে। দিল্লির খুলিতে এক পয়েন্ট রয়েছে।

বলরামজি দাস ট্যাডন স্মৃতি ক্রিকেটে ত্রিপুরা-চন্ডিগড় ম্যাচ আগামীকাল থেকে

ক্রীড়া প্রতিনিধি, আগরতলা। অনূর্ধ্ব ১৬ রাজ্য ক্রিকেট দল এখন চন্ডিগড়ে। সোনারকান্দা পঞ্চকুলায় তাও দেবি লাল সেক্টর খ্রিতে সোমবার থেকে চতুর্থ বলরামজি দাস ট্যাডন মেমোরিয়াল ক্রিকেট টুর্নামেন্ট শুরু হয়েছে। আয়োজক চন্ডিগড় ক্রিকেট এসোসিয়েশন। আটটি দলকে নিয়ে আয়োজিত এবারকার টুর্নামেন্ট চলবে ১৭ নভেম্বর পর্যন্ত।

অনূর্ধ্ব ১৬ বালকদের এই ক্রিকেট টুর্নামেন্টে অংশ নিতে ত্রিপুরা দল আজ, মঙ্গলবার চন্ডিগড়ে পৌঁছেছে। ত্রিপুরা দলের প্রথম

খেলা দিল্লির বিরুদ্ধে ৭ নভেম্বর, বৃহস্পতিবার থেকে শুরু হবে। দুদিনের ম্যাচ চলবে ৮ নভেম্বর পর্যন্ত। ৯ নভেম্বর ত্রিপুরা দলের একটি ম্যাচ রয়েছে, ৫৫ ওভারের চতুর্দশ বি দলের বিরুদ্ধে। ১০ ও ১১ নভেম্বর ত্রিপুরা দল পরবর্তী চতুর্দশ ক্রিকেট এসোসিয়েশন। আটটি দলকে নিয়ে আয়োজিত এবারকার টুর্নামেন্ট চলবে ১৭ নভেম্বর পর্যন্ত।

অনূর্ধ্ব ১৬ বালকদের এই ক্রিকেট টুর্নামেন্টে অংশ নিতে ত্রিপুরা দল আজ, মঙ্গলবার চন্ডিগড়ে পৌঁছেছে। ত্রিপুরা দলের প্রথম

মঙ্গলবার প্রথম রাউন্ডের তিনটি ম্যাচ সম্পন্ন হয়েছে। চন্ডিগড় এ দল হিমাচল প্রদেশের বিরুদ্ধে সরাসরি জয় পেয়ে ৬ পয়েন্ট পেয়েছে।

অপর খেলোয়াড় জম্মু-কাশ্মীর ইনিংস সহ মিজোরামকে হারিয়ে বোনাস সহ ৭ পয়েন্ট পেয়ে পুল এ-তে শীর্ষে রয়েছে।

পুল বি-এর একমাত্র খেলোয়াড় পাঞ্জাব ও দিল্লির ম্যাচটি ড্র-তে নিম্নপ্তি হয়েছে। তবে প্রথম ইনিংসে এগিয়ে থাকার সুবাদে পাঞ্জাব ৩ পয়েন্ট পেয়েছে। দিল্লির খুলিতে এক পয়েন্ট রয়েছে।

সন্তোষ ট্রফি ফুটবল : আগরতলায় গ্রুপ লিগের প্রস্তুতি জোরকদমে

ক্রীড়া প্রতিনিধি আগরতলা। শিবিরে রিপোর্ট করা ৩৪ জন ফুটবলার থেকে রাজ্য ফুটবল দল গঠন করা হবে। শিবিরে ৩৭ জনকে ডাকা হলেও দুজনের চোঁট আঘাত রয়েছে। একজন চাকরি সূত্রে রাজ্যের বাইরে রয়েছেন। ৭৮ তম জাতীয় ফুটবল চ্যাম্পিয়নশিপ তথা সন্তোষ ট্রফি ফুটবলের ডি গ্রুপের ম্যাচগুলি এবার অনুষ্ঠিত হবে আগরতলায়। টুর্নামেন্টের এই গ্রুপে রয়েছে

ত্রিপুরা, মিজোরাম, মনিপুর ও সিক্কিম। আগামী ১৫ নভেম্বর থেকে আগরতলায় অনুষ্ঠিত হবে টুর্নামেন্টের গ্রুপ লীগের ম্যাচগুলি।

তাই স্বাগতিক ত্রিপুরা দলের চূড়ান্ত রাজ্য দল গঠনের লক্ষ্যে আয়োজিত শিবিরে সংশোধন আকারে ডাক পেয়েছিল ৩৭ জন ফুটবলার। শিবিরে রিপোর্ট করেছেন, এমন ফুটবলাররা হলেন বুদ্ধ দেববর্মী, অমিত জমাতিয়া,

অলক জমাতিয়া, সাবাত জমাতিয়া, সিয়াম পুইয়া, কুমার সাতনাম খোঁষ, অনন্ত বিজয় জমাতিয়া, ভোলোমনি জমাতিয়া, শিবা দেববর্মী, মঙ্গল সিং দেববর্মী, বাদল দেববর্মী, বিষ্ণু দেববর্মী, আচাই ফুগু জমাতিয়া, স্টিফেন পল ডারলং, রাজ চন্দ্র জমাতিয়া, রজনীকান্ত ত্রিপুরা, রাজীব সাধন জমাতিয়া, লিয়ান মুইয়া ডার্লিং, ভক্ত সাধন জমাতিয়া, প্রীতম হোসেন, বয়ার জমাতিয়া, পহর জমাতিয়া, সঞ্জয় জমাতিয়া,

বিপ্লব দেববর্মী, সুকান্ত জমাতিয়া, জাবেত ডারলং, এলটন ডারলং, অমিত জমাতিয়া, নাইসা জমাতিয়া, মনীয় দেববর্মী, বিশ্বজিৎ দেববর্মী, ভানলাল কিমা, অনিকেত জমাতিয়া, পারভেজ ফুঁইয়া।

এদিকে, যথাযথভাবে জাতীয় মানের ফুটবল টুর্নামেন্টের গ্রুপ লীগ পরায়ের খেলা সম্পন্ন করার লক্ষ্যে ত্রিপুরা স্পোর্টিং জর্নালিস্ট ক্লাবের সদস্যদের সঙ্গে টিএফএ-র

সচিব ও যুগ্ম সচিব প্রমুখ মিলিত হয়ে প্রয়োজনীয় পরামর্শ গ্রহণ করেছেন।

টিএসজেসি থেকে গঠনমূলক কিছু প্রস্তাব রাখা হলে টিএফএ অত্যন্ত আগ্রহ সহকারে সেগুলোর বাস্তবায়ন করা হবে বলে জানান। টুর্নামেন্টের দারুন আয়োজনে টিএসজেসি-র প্রস্তাব সমূহ অবশ্যই কাজে আসবে বলে টিএফএ-র পক্ষ থেকে সংশ্লিষ্ট প্রতিনিধিদের ধন্যবাদ জানান।

অনূর্ধ্ব ২০ বালিকাদের তৃতীয় শিবিরে ডাক পেল ২০ জন

ক্রীড়া প্রতিনিধি আগরতলা। ত্রিপুরা ক্রিকেট এসোসিয়েশন আয়োজিত অনূর্ধ্ব ১৫ বালিকাদের তৃতীয় প্রাক প্রস্তুতি শিবিরে ডাক পেল রাজ্যের বিভিন্ন মহকুমা থেকে ২০ জন মহিলা ক্রিকেটার।

মনোনীত ক্রিকেটারদের আগামী ৭ নভেম্বর দুপুর ১২ টায় নরসিংগড় পুলিশ ট্রেনিং একাডেমি রাউন্ডে রিপোর্ট করার জন্য আহ্বান জানান

ত্রিপুরা ক্রিকেট এসোসিয়েশনের সচিব সুরভ দে। ক্রিকেটাররা হলেন সদরের অমিতা রায়, অনুভা পাল, অভিজ্ঞা বর্ধন, সান্মী বেরমা, ক্রিস্টিনা রেমা, মোহনপুরের ভাবনা দেব, মোনালিসা দে, মধুমিতা সরকার, বিশালগড়ের অনুধা শীল, রাস্বতী চৌধুরী, মেহা সরকার, উদয়পুরের এঞ্জেল পাল, শান্তির বাজারের

আলীজা দেববর্মী, অঙ্কিতা পাটারি, নিশিকা দেববর্মী, রেবিকা নোয়াতিয়া, তে লিয়ামুড়া ব তানিয়া এবং লংতরাইভ্যালির নেত্রিনা বড়ুয়া ও সাহিলি দেববর্মী। প্রশিক্ষক হিসেবে রয়েছেন তপন কুমার দেব ও মান্নি পেনোথ। ফিজিও পাণ্ডিয়া দেবনাথ ও ট্রেইনার বাঁপি দাস।

কোহলিই কি আবার বেঙ্গালুরুর অধিনায়ক?

আইপিএলের নিলামের আগে ফাফ ডুপ্লেসিকে ধরে রাখবেন। রয়াল চ্যালেঞ্জার্স বেঙ্গালুরু। দলের এই সিদ্ধান্ত থেকে পরিষ্কার, আগামী মরসুমে নতুন অধিনায়ক পাচ্ছে বেঙ্গালুরু। বিরাট কোহলিকে ধরে রেখেছে তারা।

২০২১ সালে নিজেই বেঙ্গালুরুর অধিনায়ক হতে চেয়েছিলেন আগামী মরসুমে ২১ কোটি টাকা দেওয়া হবে। তবে কি আবার কোহলিকেই অধিনায়ক করবে বেঙ্গালুরু? জল্পনা আরও বাড়িয়ে দিলেন দলের ডিরেক্টর অফ ক্রিকেট মো বাবাট।

ডুপ্লেসিকে ধরে না রাখলেও এত দিন অধিনায়কের বিষয়ে কিছু জানায়নি বেঙ্গালুরু। এই প্রসঙ্গে নিয়ে এখনও কোনও সিদ্ধান্ত নিইনি। কোহলি আবার অধিনায়ক হবে কি না সে বিষয়ে এখনই কিছু বলতে পারব না। আমরা বিকল্প খোলা রাখছি। এ কথা স্পষ্ট যে আমরা ডুপ্লেসিকে রাখছি না। আমরা নিলাম পর্যন্ত অপেক্ষা করতে চাইছি। তার পরেই অধিনায়ক নিয়ে সিদ্ধান্ত নেব।

কোহলিকে অধিনায়ক ঘোষণা না করলেও তিনি যে অধিনায়ক হবেন না তাও বলেনি বাবাট। অর্থাৎ, তিনি অধিনায়ক হতেও পারেন। এ বারের নিলামে গত বারের তিন

ভারতীয় অধিনায়ক উঠবেন। শ্রেয়স আয়ার, খয়রত পথ ও লোকেশ রাহুল। তাঁদের মধ্যে রাহুল আগে বেঙ্গালুরুতে খেলেছেন। তাঁদের মধ্যেও কাউকে অধিনায়ক হিসাবে ভাবতে পারে তারা।

২০২১ সালে নিজেই বেঙ্গালুরুর অধিনায়ক হতে চেয়েছিলেন আগামী মরসুমে ২১ কোটি টাকা দেওয়া হবে। তবে কি আবার কোহলিকেই অধিনায়ক করবে বেঙ্গালুরু? জল্পনা আরও বাড়িয়ে দিলেন দলের ডিরেক্টর অফ ক্রিকেট মো বাবাট।

ডুপ্লেসিকে ধরে না রাখলেও এত দিন অধিনায়কের বিষয়ে কিছু জানায়নি বেঙ্গালুরু। এই প্রসঙ্গে নিয়ে এখনও কোনও সিদ্ধান্ত নিইনি। কোহলি আবার অধিনায়ক হবে কি না সে বিষয়ে এখনই কিছু বলতে পারব না। আমরা বিকল্প খোলা রাখছি। এ কথা স্পষ্ট যে আমরা ডুপ্লেসিকে রাখছি না। আমরা নিলাম পর্যন্ত অপেক্ষা করতে চাইছি। তার পরেই অধিনায়ক নিয়ে সিদ্ধান্ত নেব।

কোহলিকে অধিনায়ক ঘোষণা না করলেও তিনি যে অধিনায়ক হবেন না তাও বলেনি বাবাট। অর্থাৎ, তিনি অধিনায়ক হতেও পারেন। এ বারের নিলামে গত বারের তিন

কোহলি। সে বার নিলামে ডুপ্লেসিকে কিনে তাঁকে অধিনায়ক করে দল। গত তিন বছর তিনিই অধিনায়ক ছিলেন। বেঙ্গালুরু খুব খারাপ না খেললেও চ্যাম্পিয়ন হিসাবে ভাবতে পারে তারা।

২০২১ সালে নিজেই বেঙ্গালুরুর অধিনায়ক হতে চেয়েছিলেন আগামী মরসুমে ২১ কোটি টাকা দেওয়া হবে। তবে কি আবার কোহলিকেই অধিনায়ক করবে বেঙ্গালুরু? জল্পনা আরও বাড়িয়ে দিলেন দলের ডিরেক্টর অফ ক্রিকেট মো বাবাট।

ডুপ্লেসিকে ধরে না রাখলেও এত দিন অধিনায়কের বিষয়ে কিছু জানায়নি বেঙ্গালুরু। এই প্রসঙ্গে নিয়ে এখনও কোনও সিদ্ধান্ত নিইনি। কোহলি আবার অধিনায়ক হবে কি না সে বিষয়ে এখনই কিছু বলতে পারব না। আমরা বিকল্প খোলা রাখছি। এ কথা স্পষ্ট যে আমরা ডুপ্লেসিকে রাখছি না। আমরা নিলাম পর্যন্ত অপেক্ষা করতে চাইছি। তার পরেই অধিনায়ক নিয়ে সিদ্ধান্ত নেব।

কোহলিকে অধিনায়ক ঘোষণা না করলেও তিনি যে অধিনায়ক হবেন না তাও বলেনি বাবাট। অর্থাৎ, তিনি অধিনায়ক হতেও পারেন। এ বারের নিলামে গত বারের তিন

অস্ট্রেলিয়ায় ব্যর্থ হলেই ছাঁটাইয়ের সম্ভাবনা বোর্ডের

অস্ট্রেলিয়া সফরের পরেই ভারতীয় দলের কিছু সিনিয়র ক্রিকেটারের ভবিষ্যত ঠিক হয়ে যাবে। আগামী দিনে জাতীয় দলের দরজা পাকাপাকি ভাবে বন্ধ হয়ে যেতে পারে রোহিত শর্মা, বিরাট কোহলিদের কাছে। নিউ জিল্যান্ডের কাছে চুনকাম হওয়ার পর পরিস্থিতি খতিয়ে দেখতে চলেছে বোর্ড। পরবর্তী টেস্ট বিস্কাপের আগে ধীরে ধীরে সিনিয়রদের সরিয়ে দেওয়ার পথে ঠাঁটতে পারে তারা।

মানে করা হচ্ছে, অস্ট্রেলিয়া সফর রোহিত, কোহলি, রবিচন্দ্রন অধিন এবং রবীন্দ্র জাডেজার কাছে শেষ সুযোগ হতে পারে। প্রত্যেকেই আন্তর্জাতিক কেরিয়ারের শেষ পর্বে। খারাপ ফল হলেই কোপ পড়তে পারে তাদের উপর।

আগামী দু'-এক দিনের মধ্যেই বোর্ডের কর্তাদের সঙ্গে সাধারণ আলোচনা হতে পারে নির্বাচক প্রধান অজিত আগরকার, স্কেচ গৌতম গম্ভীর এবং অধিনায়ক রোহিত শর্মা। তবে সেখানে খুব গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত হওয়ার সম্ভাবনা

নেই। বোর্ডের এক সূত্র সংবাদ সংস্থাকে বলেছেন, "নিউ জিল্যান্ড সিরিজের ফলাফল নিয়ে আলোচনা হবে। ১০ নভেম্বর অস্ট্রেলিয়ায় উদ্দেশ্যে দল রওনা দেওয়ার আগে সাধারণ একটা আলোচনা। এই হার যে বড়সড় ধাক্কা তাতে সন্দেহ নেই। তবে অস্ট্রেলিয়া সিরিজ সামনেই রয়েছে। দলও যোগিত। সেখানে বদলের কোনও সম্ভাবনা নেই।" তিনি আরও বলেছেন, "যদি ভারত বিশ্ব টেস্ট চ্যাম্পিয়নশিপের ফাইনালে যেতে না পারে, তা হলে টেস্ট ফাইনালের পরেই ইংল্যান্ডে পাঁচ টেস্টের সিরিজ খেলবে ভারত, যা পরের বিশ্ব টেস্ট চ্যাম্পিয়নশিপ চক্রের অন্তর্গত।

সুত্রের খবর, ২০১১ সালের ঘটনার পুনরাবৃত্তি চাইছে না বোর্ড। সে বারও প্রথম ক্রিকেটারদের নিয়ে গড়া দল হটাই খারাপ ফল করতে

শুরু করেছিল। তাই আগরকার এবং গম্ভীর দলের চার সিনিয়র ক্রিকেটারের সঙ্গে কথা বলে তাঁদের পরিকল্পনার কথা জানতে চাইতে পারেন।

ভারতের জাতীয় দলের পরবর্তী প্রজন্ম মোটামুটি তৈরি।

সাই সুদর্শন, দেবদত্ত পাড়িক্কলারা টেস্ট দলে চুক্তিতে পারেন। রবি অধিনের বদলে ওয়াশিংটন সুন্দরকে আগামী ১০ বছরের জন্য ভাড়া হচ্ছে। জাডেজার জায়গায় অক্ষয় পটেলে এবং মানব সুতার তৈরি আছে।

ফাইভ-এ-সাইড ফুটবল টুর্নামেন্টের এনটি আহ্বান

ক্রীড়া প্রতিনিধি, আগরতলা। আগামী ৯ ও ১০ নভেম্বর, দশমর্থ দেব ওডমর্নিং ফুটবল ক্লাবের উদ্যোগে স্বর্ণীয় শিব নাথ দে স্মৃতি দ্বিতীয় বর্ষ ফাইভ-এ-সাইড ফুটবল টুর্নামেন্ট অনুষ্ঠিত হবে। খেলোয়াড় চ্যাম্পিয়ন ও রানার্স দলকে যথাক্রমে ৮ হাজার ও ৫ হাজার টাকা প্রাইজমানি সহ সুসুন্দর ট্রফিও প্রদান করা হবে। এছাড়া রয়েছে অন্যান্য পুরস্কারও। খেলার এনটি ফি সাতশ" টাক্ষা ধারা করা হয়েছে। জমা দিতে হবে আগামী ৭ নভেম্বরের মধ্যে। দশমর্থ দেব ওডমর্নিং ফুটবল ক্লাবের উপস্থিত ছিলেন বিরপাক্ষ চৌধুরী, সিদ্ধান্ত সরকার, অখিল দাস ও পিন্টু ঘোষ প্রমুখ। দারুন ভাবে টুর্নামেন্ট সম্পন্ন করার লক্ষ্যে উদ্যোগকারী সংশ্লিষ্ট সকলের সহযোগিতা চেয়েছেন।

এই মরসুমই শেষ ঘোষণা ঋদ্ধিমানের

বাংলার হয়ে রঞ্জি ট্রফিতে চলতি মরসুমের পরে আর মাঠে নামবেন না ঋদ্ধিমান সাহা। রবিবার রাতে সমাজমাধ্যমে অবসরের কথা জানিয়ে দিয়েছেন এই উইকেটরক্ষক।

২০১০ সাল থেকে ২০২১ পর্যন্ত এগারো বছরে ভারতের হয়ে ৪০টি টেস্টে প্রতিনিধিত্ব করেছেন তিনি। খেলেছেন নাটি টি-টোয়েন্টিও। আইপিএলেও নানা দলের জার্সিতে তাঁকে দেখা গিয়েছে। রবিবার ঋদ্ধি লেখেন, "এই অবিস্মরণীয় যাত্রাপথের সঙ্গে যুক্ত প্রত্যেককে ধন্যবাদ জানাই। বাংলার হয়ে শেষ বার এই মরসুমে প্রতিনিধিত্ব করছি। বাংলার জার্সিতে উল্লেখযোগ্য অবদান রাখতে চাই।" প্রথম শ্রেণির ক্রিকেটে পনেরো বছর ঋদ্ধি বাংলার হয়ে খেলেছেন। মাঝে দু'বছর ত্রিপুরার হয়ে খেলেন। চলতি মরসুমে সৌরভ গঙ্গোপাধ্যায়ের কথায় তিনি ফের বাংলার হয়েই রঞ্জি ট্রফিতে খেলেছেন।

ফাইভ-এ-সাইড ফুটবল টুর্নামেন্টের এনটি আহ্বান

ক্রীড়া প্রতিনিধি, আগরতলা। আগামী ৯ ও ১০ নভেম্বর, দশমর্থ দেব ওডমর্নিং ফুটবল ক্লাবের উদ্যোগে স্বর্ণীয় শিব নাথ দে স্মৃতি দ্বিতীয় বর্ষ ফাইভ-এ-সাইড ফুটবল টুর্নামেন্ট অনুষ্ঠিত হবে। খেলোয়াড় চ্যাম্পিয়ন ও রানার্স দলকে যথাক্রমে ৮ হাজার ও ৫ হাজার টাকা প্রাইজমানি সহ সুসুন্দর ট্রফিও প্রদান করা হবে। এছাড়া রয়েছে অন্যান্য পুরস্কারও। খেলার এনটি ফি সাতশ" টাক্ষা ধারা করা হয়েছে। জমা দিতে হবে আগামী ৭ নভেম্বরের মধ্যে। দশমর্থ দেব ওডমর্নিং ফুটবল ক্লাবের উপস্থিত ছিলেন বিরপাক্ষ চৌধুরী, সিদ্ধান্ত সরকার, অখিল দাস ও পিন্টু ঘোষ প্রমুখ। দারুন ভাবে টুর্নামেন্ট সম্পন্ন করার লক্ষ্যে উদ্যোগকারী সংশ্লিষ্ট সকলের সহযোগিতা চেয়েছেন।

চলতি বছর আরপিএফ-এর হাতে ধৃত ১৭৪ জন দালাল উদ্ধার ৩৩.২৪ লক্ষ টাকার বেশি মূল্যের রেলওয়ে টিকিট

ওয়াশিংটন, ৫ নভেম্বর (হি.স.) : দালালদের উপর নিয়ন্ত্রণ করতে উত্তরপূর্ব সীমান্ত রেলওয়ের অধীনে রেলওয়ে সুরক্ষা বাহিনী (আরপিএফ) নিয়মিত অভিযান চালিয়েছে। চলতি বছর আরপিএফ-এর হাতে ১৭৪ জন দালালকে গ্রেফতারের পাশাপাশি উদ্ধার করা হয়েছে ৩৩.২৪ লক্ষ টাকার বেশি মূল্যের রেলওয়ে টিকিট।

রেলওয়ে টিকিট উদ্ধার করেছে। ৯ অক্টোবর কাটিহারের সিআইবি ও বারসইয়ের আরপিএফ যৌথভাবে বারসইয়ে তদন্ত অভিযান চালিয়ে প্রায় ৫,৭৯০ টাকা মূল্যের দুটি অব্যবহৃত রেলওয়ে টিকিট উদ্ধার করেছে। এর সাথে জড়িত থাকার অভিযোগে এক দালালকে আটক করা হয়েছে। পরবর্তী পদক্ষেপের জন্ম নিউ কোচবিহারে রেলওয়ে আইনের ১৪৩ ধারার অধীনে একটি মামলা দায়ের করা হয়েছে।

এ বছরের জানুয়ারি থেকে অক্টোবর পর্যন্ত উত্তরপূর্ব সীমান্ত রেলওয়ের সুরক্ষা বাহিনীর দ্বারা উত্তরপূর্ব সীমান্ত রেলওয়ের বিভিন্ন স্টেশন ও ট্রেনে অভিযান চালিয়ে ১৭৪ জন দালালকে গ্রেফতার করা হয়েছে। ৩৩.২৪ লক্ষ টাকা মূল্যের মোট ১,১১৫ টিকিট উদ্ধার করা হয়েছে।

রেলওয়ে টিকিটের অকর্তৃত্বশীল ও অবৈধ প্রয়োগ-বিক্রয়ের প্রতি কঠোর নজরদারি রাখার পাশাপাশি, উত্তরপূর্ব সীমান্ত রেলওয়ের আরপিএফ রেলযাত্রীদের সুরক্ষা নিশ্চিত করার পাশাপাশি রেল ব্যবহারকারীদের পরিষেবা ও সাহায্য প্রদানের জন্য সবসময় প্রস্তুত। ট্রেনে যাত্রার সময় যাতে কোনও ধরনের সমস্যার সম্মুখীন হতে না-হয়, তার জন্য যাত্রীদের উপযুক্ত টিকিটের সাথে ভ্রমণ করার অনুরোধ জানানো হয়েছে। ট্রেনে যাওয়া কঠোর সময় কোনও ধরনের সমস্যার সম্মুখীন হলে রেল যাত্রীরা ১৩৯ (টোল-ফ্রি) নম্বরে কল করতে পারেন বলে প্রেস বিবৃতিতে বলা হয়েছে।

সংগঠন বিরোধী কার্যকলাপের জন্য ত্রিপুরা জার্নালিস্ট ইউনিয়ন থেকে বহিষ্কার হলেন কৌশিক অধিকারী

নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ৫ নভেম্বর : সংগঠন বিরোধী কার্যকলাপের জন্য সদস্য পদ থেকে কৌশিক অধিকারীকে বহিষ্কার করল ত্রিপুরা জার্নালিস্ট ইউনিয়ন। কৌশিক অধিকারীর এই বহিষ্কার ৬ বছরের জন্য বলবৎ থাকবে। টি.জে.ইউ-র সভাপতির নির্দেশক্রমে এই ঘোষণা আজ থেকে কার্যকরী হচ্ছে বলে সম্পাদক এক বিবৃতিতে জানিয়েছেন। এদিকে ত্রিপুরা জার্নালিস্ট ইউনিয়নের এবং সর্বভারতীয় সংস্থা জার্নালিস্ট ইউনিয়ন অফ ইন্ডিয়া সংগঠিত কোনও সম্মেলন বা সেমিনার এই মুহূর্তে আগরতলায় অনুষ্ঠিত হচ্ছে না। সংস্থার নাম ব্যবহার করে অথবা ভুলো নামধারী একাধিক সংস্থা বিভিন্ন সরকারি ও বেসরকারি প্রতিষ্ঠানে টি.জে.ইউ বা জে.ইউ.আই-এর সম্মেলন হচ্ছে বলে তাঁরা সংগ্রহের খবর ত্রিপুরা জার্নালিস্ট ইউনিয়নের নজরে এলে সর্বসাধারণের জ্ঞাতার্থে টি.জে.ইউ.সহবাহিনীকে সতর্ক থাকতে এবং প্রয়োজনে টি.জে.ইউ-র সঙ্গে যোগাযোগ করতে অনুরোধ জানিয়েছে।

বিভিন্ন দাবিতে মুখ্য সচিবের নিকট ডেপুটেশন সিপিআইএমএল - এর

নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ৫ নভেম্বর : বন্যা ত্রাণ প্রদান এবং সাহায্যের আবেদন জমা রাখার জন্য বিভিন্ন দাবিতে মুখ্য সচিবের নিকট ডেপুটেশন প্রদান করেছেন সিপিআইএমএল। মঙ্গলবার সাংবাদিক সম্মেলনে এই ডেপুটেশনের বিষয়ে বিস্তারিত তুলে ধরছেন সাধারণ সম্পাদক পাঠ কণ্ঠস্বর। তিনি বলেন, ভয়াবহ বন্যায় রাজ্যের কৃষকরা ক্ষতিগ্রস্ত হয়েছেন। কৃষকদের ১০০০ টাকা করে দেওয়ার প্রতিশ্রুতি প্রদান করেছে সরকার। কিন্তু সেই অনুযায়ী অর্ধেক কৃষকদের সাহায্য পাননি বলে অভিযোগ করেছেন তিনি। তার কথায়, ১০০০ টাকা দিয়ে কৃষকদের ন্যূনতম বীজের

ব্যবস্থাও হবে না। কিন্তু সেই এক হাজার টাকাও বেশিরভাগ কৃষকদের কাছে এখনো পৌঁছায়নি। এদিকে মৎস্য চাষী এবং পান চাষীদের একই অবস্থা। ভয়াবহ বন্যায় তাদের সমস্ত কিছু নষ্ট হয়ে গেছে। কিন্তু এখনো পর্যন্ত তাদের কাছে আর্থিক সাহায্যতা পৌঁছায়নি বলে অভিযোগ করেন তিনি। তাই অবিলম্বে ক্ষতিগ্রস্ত কৃষকদের কাছে তাদের প্রাপ্য আর্থিক সাহায্য পৌঁছে দেওয়ার দাবি জানিয়েছেন তিনি। এছাড়াও ত্রিপুরাকে জাতীয় দুর্ভোগপূর্ণ এলাকা ঘোষণা করে জাতীয় দুর্ভোগ তহবিল থেকে ১৫ হাজার কোটি টাকা বরাদ্দ করার দাবি জানানো হয়েছে। পাশাপাশি

বন্যায় যাদের মৃত্যু হয়েছে তাদের ৫০ লক্ষ টাকা এবং আহতদের ২০ লক্ষ টাকা ক্ষতিপূরণ প্রদানের দাবি জানানো হয়েছে। এছাড়াও ডেপুটেশনে গভাড়াইসা, এবং উত্তর জেলার বিভিন্ন জায়গায় যে সাংসদীয়ক অস্থিরতার সৃষ্টি হয়েছিল সেই বিষয়ে সরকারি সাহায্যের দাবি জানানো হয়েছে। এই সংঘর্ষে যারা ক্ষতিগ্রস্ত হয়েছেন তাদের ক্ষতিপূরণ প্রদান করা এবং সম্পূর্ণ সরকারি খরচে বাড়ির নির্মাণ করে দেওয়ার দাবি জানানো হয়েছে। পাশাপাশি যারা ক্ষতিগ্রস্ত তাদের কাছে অবিলম্বে ক্ষতিপূরণের টাকা পৌঁছে দেওয়ার দাবি জানিয়েছেন সি পি আই এম এর রাজ্য সাধারণ সম্পাদক পার্থ কণ্ঠস্বর।

দুই দিনব্যাপী দক্ষিণ জেলা ভিত্তিক কলা উৎসবের সূচনা

নিজস্ব প্রতিনিধি, বিলোনিয়া, ৫ নভেম্বর : পঞ্চাশোনার পাশাপাশি ছাত্র-ছাত্রীদের পেশাগত এবং সাংস্কৃতিক মান উন্নয়ন প্ররোচনা দপ্তর বিভিন্ন কলা প্রতিযোগিতা করেছেন। রাজ্য সরকার ছাত্র-ছাত্রীদের গুণমান পড়াশোনার মধ্যে সীমাবদ্ধ না রেখে বিভিন্ন দিকে উৎসাহিত করার উদ্দেশ্যে দুই দিনব্যাপী কলা উৎসবের সূচনা করা হয়েছে।

উদ্যোগে দক্ষিণ জেলা সরকার বিলোনিয়া পুরাতন টাউন হলে আজ থেকে দুই দিনব্যাপী দক্ষিণ জেলা ভিত্তিক কলা উৎসবের সূচনা করা হয়েছে। উদ্বোধন করেন দক্ষিণ ত্রিপুরা জেলা পরিষদের সভাপতিত্ব দীপক দত্ত। এছাড়াও উপস্থিত ছিলেন বিলোনিয়া পুর পরিষদের চেয়ারম্যান নিখিল চন্দ্র গোগ, দক্ষিণ জেলা শিক্ষা দপ্তরের

স্বীচর মঞ্জুদাস সহ অন্যান্য অতিথিগণ। মঙ্গলবার এবং বুধবার চলবে এই কলা উৎসব। নাচ, গান, নটক বহুতা সহ অন্যান্য একাধিক বিষয় রয়েছে এর অন্তর্ভুক্ত। দক্ষিণ জেলার বিভিন্ন প্রান্ত থেকে প্রায় ৩৫০ রুণ বেশি ছাত্র-ছাত্রী এই কলা উৎসব অংশগ্রহণ করে। এই উৎসবের সফলতা কামনা করে বক্তব্য রাখেন সভাপতিত্ব দীপক দত্ত।

সাংবাদিকদের বিনামূল্যে উন্নত চিকিৎসা পরিষেবা প্রদানে মুখ্যমন্ত্রীর নিকট চিঠি ত্রিপুরা জার্নালিস্ট ইউনিয়নের

নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ৫ নভেম্বর : রাজ্যের কর্মরত সাংবাদিকরা ও তাদের পরিবারের সদস্য সদস্যরা বিভিন্ন সময়ে শারীরিকভাবে অসুস্থ হয়ে পড়েন। আজ ত্রিপুরা জার্নালিস্ট ইউনিয়নের পক্ষ থেকে মুখ্যমন্ত্রীর নিকট সাংবাদিকদের বিনামূল্যে উন্নত চিকিৎসা পরিষেবার ব্যবস্থা করে দেওয়ার আবেদন জানানো হয়েছে। পদযাত্রায় অংশগ্রহণ করেন

সদস্য সদস্যরা বিভিন্ন সময়ে শারীরিকভাবে অসুস্থ হয়ে পড়েন। তাদের চিকিৎসার জন্য রাজ্যের সদস্য সদস্যরা বিভিন্ন সময়ে শারীরিকভাবে অসুস্থ হয়ে পড়েন। আজ ত্রিপুরা জার্নালিস্ট ইউনিয়নের পক্ষ থেকে মুখ্যমন্ত্রীর নিকট সাংবাদিকদের বিনামূল্যে উন্নত চিকিৎসা পরিষেবার ব্যবস্থা করে দেওয়ার আবেদন জানানো হয়েছে। পদযাত্রায় অংশগ্রহণ করেন

সদস্য সদস্যরা বিভিন্ন সময়ে শারীরিকভাবে অসুস্থ হয়ে পড়েন। তাদের চিকিৎসার জন্য রাজ্যের সদস্য সদস্যরা বিভিন্ন সময়ে শারীরিকভাবে অসুস্থ হয়ে পড়েন। আজ ত্রিপুরা জার্নালিস্ট ইউনিয়নের পক্ষ থেকে মুখ্যমন্ত্রীর নিকট সাংবাদিকদের বিনামূল্যে উন্নত চিকিৎসা পরিষেবার ব্যবস্থা করে দেওয়ার আবেদন জানানো হয়েছে। পদযাত্রায় অংশগ্রহণ করেন

নাবালিকা ধর্ষণের অভিযোগে গ্রেপ্তার এক

নিজস্ব প্রতিনিধি, ষোয়াই, ৫ নভেম্বর : ষোয়াইর প্রত্যন্ত কচু বাড়িতে ধর্ষিতা হলে এক নাবালিকা। অভিযুক্তের নাম সুরেন তীতি। ধর্ষণ করার পরে ধর্ষিতার পরিবারের ঘটনা কাউকে না জানাতে অস্বীকার করেছিল। ঘটনা উন্মোচন করে অভিযোগ নিরাসিতার পরিবারের পুলিশকে জানানো হলে প্রানে মেরে ফেলার ভীতি প্রদর্শন করা হয় বলে অভিযোগ জানিয়েছেন মেয়েটির পরিবার। গত ১৮-৮-২০২৪ তারিখে

চাম্পাহাওর থানারখানী এলাকায় এক পনের বছরের নাবালিকা কিশোরী ধর্ষিতা হয়। জানা যায় এদিন দুপুর দুইটা নাগাদ একই এলাকার ৩৬ বছর বয়সী বৃদ্ধির দ্বারা ধর্ষিতা হয় ওই কিশোরী বলে অভিযোগ। গোটা ঘটনা জানতে পেরে চাম্পাহাওর ওডি থানায়ে এক মামলা হয়। মামলার কেস নম্বর ১৭/২০২৪। ভারতীয় ন্যায় সংহিতার ধারা ৩৬৫(১)/ ৩৫১(৩) এবং পাকসো আইন অনুযায়ী মামলাটি গ্রহণ করে পুলিশ।

মামলার তদন্তকারী অফিসার সুমিত্রা কপালি গতকাল রাতেই আসামি পুলিশের জলে ওঠে। আজ দুপুর দুইটা নাগাদ ষোয়াই জেলা হাসপাতালে কিশোরী এবং অভিযুক্ত ধর্ষক ব্যক্তিকে নিয়ে আসা হয় মেডিকেলেনে জেলা। যথারীতি চিকিৎসকের দ্বারা ভেজো হাসপাতালে দুজনের শারীরিক পরীক্ষা-নিরীক্ষা করা হয়। আলামীকাল ধর্ষককে আদালতে তোলা হবে বলে জানান তদন্তকারী অফিসার।

সদর শহর জেলা কংগ্রেসের উদ্যোগে রাজধানীতে কংগ্রেসের সংহতি পদযাত্রা অনুষ্ঠিত

নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ৫ নভেম্বর : রাজধানীতে কংগ্রেসের সংহতি পদযাত্রা অনুষ্ঠিত হয় রাজধানী আগরতলায় এদিনপরে। এই পদযাত্রা আগামী ১৯ নভেম্বর পর্যন্ত চলবে। এরই অঙ্গ হিসেবে মঙ্গলবার সদর শহর জেলা কংগ্রেসের উদ্যোগে ৮নং টাউন বড়দোয়ালী বিধানসভা এলাকায়

এই পদযাত্রা অনুষ্ঠিত হয়েছে। এদিনের পদযাত্রায় উপস্থিত থেকে কংগ্রেস প্রদেশ সভাপতি আশীষ কুমার সাহা বলেন রাজা আইন শৃঙ্খলা তলানিতে গিয়ে পৌঁছানো অব্যাহত রাখা চ্যালেঞ্জ। মানুষ নিরাপত্তাহীনতায় ভুগছেন। এমনকি কংগ্রেসের এই পদযাত্রা কেউ বিলম্বিতাবে ভেঙে দেওয়ার চেষ্টা চালাচ্ছে শাসক বিজেপি দল। এদিন

এমনই অভিযোগ করেন তিনি। বিজেপি সরকারের জনস্বার্থ বিরোধী নীতিগুলির বিরুদ্ধে কংগ্রেসের লড়াই অব্যাহত থাকবে বলে জানান তিনি। এদিন এ.ভি.নগরস্থিত সেবক সংঘ ভবনের সামনে পদযাত্রা সূচনা হয়। উপস্থিত ছিলেন প্রদেশ কংগ্রেস সভাপতি আশীষ কুমার সাহা ও বিধায়ক সুনীল রায় বর্মা, বিধায়ক গোপাল চন্দ্র রায়।

মহার্ঘ ভাতা প্রদানে রাজ্য সরকারকে ধন্যবাদ জানিয়ে র্যালি ধর্মনগর রাষ্ট্রবাদী সরকারী কর্মচারী সংঘের

নিজস্ব প্রতিনিধি, ধর্মনগর, ৫ নভেম্বর : রাজ্য সরকার কর্তৃক ৫ শতাংশ মার্ঘ ভাতা প্রদানকে কেন্দ্র করে ধর্মনগর রাষ্ট্রবাদী সরকারী কর্মচারী সংঘের উদ্যোগে শহর জুড়ে অভিনন্দন র্যালি সংগঠিত করা হয় মঙ্গলবার রাজ্যের বিজেপি সরকার রাজ্যের সকল সরকারী কর্মচারীদের মুখে হাসি ফুটানো। রাজ্য দীপাবলীর ঠিক প্রাক মুহূর্তে রাজ্য সরকার ৫ শতাংশ মার্ঘ

ভাতার ঘোষণা করেছে। রাজ্য সরকার কর্তৃক এই ৫ শতাংশ মার্ঘ ভাতা প্রদানকে কেন্দ্র করে ধর্মনগর রাষ্ট্রবাদী সরকারী কর্মচারী সংঘের উদ্যোগে শহর জুড়ে অভিনন্দন র্যালি সংগঠিত করা হয় মঙ্গলবার রাজ্যের বিজেপি সরকার রাজ্যের সকল সরকারী কর্মচারীদের মুখে হাসি ফুটানো। রাজ্য দীপাবলীর ঠিক প্রাক মুহূর্তে রাজ্য সরকার ৫ শতাংশ মার্ঘ

উপস্থিত ছিলেন প্রদীপ ভট্টাচার্য্য, অনুপ কুমার দত্ত, রঞ্জিত দেবনাথ, অমলেন্দু চৌধুরী সহ ধর্মনগর রাষ্ট্রবাদী সরকারী কর্মচারী সংঘের সকল কার্যকর্তাগণ। এই র্যালি থেকে রাজ্য সরকার, রাজ্যের মুখ্যমন্ত্রী প্রফেসর ডঃ মামিনিক সাহা সহ ধর্মনগরের বিধায়ক তথা রাজ্য বিধানসভার অধ্যক্ষ বিশ্ববন্ধু সেনকে ধন্যবাদ জানান সংগঠনের সকল কার্যকর্তাগণ।

রাজ্যের ১১ জন শিশু রওনা দিচ্ছে অঞ্জলি ইন্টারন্যাশনাল চাইল্ড ফেস্টিবলে

নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ৫ নভেম্বর : অঞ্জলি ইন্টারন্যাশনাল চাইল্ড ফেস্টিবল হবে এবার উড়িষ্যার ভুবনেশ্বরে। এতে ত্রিপুরা থেকে কলাকুঞ্জ সাংস্কৃতিক সংস্থার হয়ে ১১ জন শিশু অংশগ্রহণ করবে এই ইন্টারন্যাশনাল ফেস্টিবলে। আগামী ১৩ই নভেম্বর শুরু হবে ভুবনেশ্বরে অঞ্জলি ইন্টারন্যাশনাল চাইল্ড ফেস্টিবল।

ত্রিপুরা থেকে ১১ জন শিশু সহ তাদের অভিভাবক মিলিয়ে মোট ২৭ জনকে নিয়ে গমন হবে। একই সঙ্গে ক্লাবের পক্ষ থেকে তাদের সর্বোত্তম সাহায্যতা করা হবে বলে জানানো হয়েছে। শতদল সংঘ ক্লাবের সম্পাদক অধীর দেবনাথ। ক্লাব সম্পাদকসহ ক্লাবের কর্মকর্তারা আশাবাদী, কলাকুঞ্জ কালচারাল একাডেমীর প্রিন্সিপাল সীমা সরকার। শতদল সংঘেই রয়েছে এই কলাচারাল

একাডেমি। সাংবাদিক বৈঠকে শতদল সংঘের তরফ ২৭ জনকে অভিনন্দন জানানো হয়। একই সঙ্গে ক্লাবের পক্ষ থেকে তাদের সর্বোত্তম সাহায্যতা করা হবে বলে জানানো হয়েছে। শতদল সংঘ ক্লাবের সম্পাদক অধীর দেবনাথ। ক্লাব সম্পাদকসহ ক্লাবের কর্মকর্তারা আশাবাদী, কলাকুঞ্জ কালচারাল একাডেমীর প্রিন্সিপাল সীমা সরকার। শতদল সংঘেই রয়েছে এই কলাচারাল

নাবালিকা ধর্ষণ, অভিযুক্তের দুদিনের জেল হেফাজত

বাঁকড়া, ৫ নভেম্বর (হি.স.) : নাবালিকাকে ধর্ষণের দায়ে অভিযুক্ত যুবককে দুদিনের জেল হেফাজতের নির্দেশ দিয়েছে বিজয়পুর আদালত। কালী পূজোয় আত্মীয় বাড়িতে বেড়াতে এসে ধর্ষণের শিকার হন নবম শ্রেণীর ছাত্রী। ঘটনাটি ঘটেছে রবিবার। অভিযোগের কয়েক ঘণ্টার মধ্যে বিজয়পুর থানার পুলিশ গ্রেফতার

করে অভিযুক্ত যুবককে। অভিযুক্ত যুবককে বিজয়পুর মহকুমা আদালতে তোলা হলে সোমবার বিকালে বিচারক অভিযুক্তকে দুদিনের জেল হেফাজতের নির্দেশ দেন। রবিবার জয়পুর থানায় এক বাবলিকাকে ধর্ষণের অভিযোগ দায়ের করে নির্যাতনের পরিবার। গত ৩১ সে অক্টোবর জয়পুর থানা

এলাকার নবম শ্রেণীর এক ছাত্রী মায়ের সঙ্গে পিসির বাড়িতে কালী পূজো দেখাতে আসে। গত ২ নভেম্বর রাতে ওই নবম শ্রেণীর ছাত্রী বাথরুমে যাবার জন্য বাড়ির বাইরে যায়। দীর্ঘ সময় বাড়িতে না আসার ফলে পরিবারের লোকজন খোঁজাখুঁজি করতে থাকে। পরের দিন রবিবার তোর তিনটে নাগাদ কাঁদতে কাঁদতে ওই নাবালিকা

ছাত্রী বাড়িতে ফিরে আসে। মেয়েটি জানায় যে জয়পুর থানার নতুন গ্রামসে বাসিন্দা সুনম সোয়ের তাকে জঙ্গলে তুলে নিয়ে গিয়ে ধর্ষণ করে। নির্যাতিতা ওই ছাত্রী মা জয়পুর থানায় একটি লিখিত অভিযোগ দায়ের করেন। অভিযুক্ত সুনম সোয়াকে জয়পুরেই তার দিদির বাড়ি থেকে গ্রেফতার করে পুলিশ।

মেঘালয়ের রাজধানী শিলঙে বাধ্যতামূলক পোষা-কুকুর নিবন্ধন

শিলং, ৫ নভেম্বর (হি.স.) : মেঘালয়ের রাজধানী শিলঙে পোষা-কুকুর নিবন্ধনের নতুন নিয়ম জারি করেছে শিলং পুর পর্ষদ (মিউনিসিপাল বোর্ড)। পুরপর্ষদের চিফ এগজিকিউটিভ অফিসার এক বিজ্ঞপ্তি জারি করে শিলং শহরজুড়ে পোষা-কুকুর নিবন্ধন বাধ্যতামূলক বলে নিদেশিকা জারি করেছে। এর জন্য সমস্ত পোষা কুকুরের মালিকদের অফিশিয়াল ট্যাগ সংগ্রহ করতে হবে। অন্যথায় সংশ্লিষ্ট মালিকদের শাস্তির সম্মুখীন হতে হবে বলে নির্দেশিকা বলা হয়েছে।

চিফ এগজিকিউটিভ অফিসার তাঁর বিজ্ঞপ্তিতে ঘোষণা করে বলেছেন, বাসিন্দাদের অবশ্যই তাঁদের কুকুরকে নিবন্ধন করাতে হবে। এছাড়া পুর আইনের ধারা ১২৮-এর বলে ২৫০ টাকায় শাস্ত্যকরণ ট্যাগ কিনতে হবে। এতে বলা হয়েছে, সঠিক ট্যাগ ছাড়া কুকুরগুলিকে মালিকবহীন বেওয়ারিশ হিসেবে শ্রেণিবদ্ধ করার হবে নতুন পদক্ষেপের লক্ষ্য, জনবহুল এলাকায় ক্রমবর্ধমান বেওয়ারিশ কুকুরের সমস্যা সমাধান করা। পোষা কুকুরের মালিকদের এখন আইনত বাধ্যতামূলকভাবে তাঁদের কুকুরের রাস্তা তথা প্রকাশ্য জনবহুল এলাকায় অবাধে ঘোরাফেরা করা থেকে বিরত রাখতে হবে। তাই মিউনিসিপ্যাল অ্যাক্টের অধীন সম্ভাব্য আইনি পদক্ষেপ এড়াতে অবিলম্বে জারিকৃত নিয়ম মেনে চলতে পরামর্শ দেওয়া হয়েছে।

দুর্গাপুরে সিঁধ কেটে মন্দিরে চুরি, আতঙ্ক

জয়দেব লাঠা, দুর্গাপুর, ৫ নভেম্বর (হি.স.) : আবারও মন্দিরের সিঁধ কেটে কালী মূর্তির সোনার গহনা, বাসে ও প্রনামীর টাকা লুট করল দুর্গাপুর। মঙ্গলবার ঘটনাকে ঘিরে চাঞ্চল্য ছড়িয়েছে দুর্গাপুর কোকগেভেন থানার গ্যামন এলাকায়। ঘটনায় জানা গেছে, মঙ্গলবার সকালে অন্যান্য দিনের মতই মন্দির পুরোহিত পূজো দিতে মন্দিরে আসেন। গেটে তালো খুলে ভেতরে ঢুকে দেখেন, কালী প্রতিমার সাজসজ্জা লুণ্ঠভ, পরনের সোনার গহনা উধাও। তারপরই মন্দিরে পড়ে মন্দিরের অ্যাডজাস্টার লাগানোর জাগ্রা তালো ভেতরে বাসনপত্র উধাও। প্রনামী বাজের তালো ভাঙা। প্রনামীর টাকা নেই। স্থানীয় বাসিন্দা কল্পনা রায় বলেন, 'মা খুব গর্হনত' পূজোর সময় মা'কে গুলানো হয়। আবার অষ্টমঙ্গল্যার পর খুলে রাখা হয়। তার আগেই মা'য়ের মূর্তির যেভাবে গহনা চুরি করা হয়েছে, অপরাধীর শাস্তির দাবি জানানো হয়েছে।